উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

১৮ অগ্রহায়ণ ১৪৩১ বুধবার ৪.০০ টাকা 4 December 2024 Wednesday 12 Pages Rs. 4.00 ইন্টারনেটে সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 45 Issue No. 195 MLD



'ইন্ডিয়া'র বিক্ষোভ থেকে দূরত্ব তৃণমূল, সপা'র

সাতের পাতায়

বিয়ে হবে না শুনতে হয় মিতালিকে

বারোর পাতায়



# ৯ বিবির বরের হাতেই পঞ্চায়েত

পঞ্চায়েত সমিতির বৈঠক ছাড়া তাঁদের দেখা পাওয়া যায় না। ব্যালটের হিসাবে জয়ী হয়েছে ওই প্রমীলাবাহিনী। খাতায়-কলমে রায়গঞ্জ পঞ্চায়েত সমিতির সেই ৯ জন মহিলা কর্মাধ্যক্ষের নাম থাকলেও আদপে যাবতীয় প্রশাসনিক কাজ সামলান তাঁদের স্বামীরা। বেশ কিছুদিন এমন কাণ্ডকারখানা যে চলছে তা মানছেন পঞ্চায়েত সমিতির সভাপতি জয়শ্রী ব্যাপারী বর্মন।

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ৩ ডিসেম্বর :** ভোটের ফলে জয়ী হয়েছেন তাঁরাই। পঞ্চায়েত সমিতির সভাপতি, সহ সভাপতি ও কর্মাধ্যক্ষ মিলিয়ে ১১ জনের মধ্যে ৯ জনই মহিলা। কিন্তু আদপে তৃণমূল পরিচালিত রায়গঞ্জ পঞ্চায়েত সমিতিতে ছড়ি ঘোরান পদাধিকারীদের স্বামীরা। মাত্র দুইজন রয়েছে পুরুষ কর্মাধ্যক্ষ। অথচ প্রশাসনিক কাজকর্মের সব দায়িত্ব সামলান বাড়ির কর্তারা। পঞ্চায়েত সমিতির বৈঠক এবং গুরুত্বপূর্ণ কাজ ছাড়া মহিলা কর্মাধ্যক্ষদের দেখা যায় না। তাদের স্বামীরা বকলমে কাজকর্ম চালান।

রায়গঞ্জ পঞ্চায়েত সমিতির কার্যালয়ে কর্মাধ্যক্ষদের জন্য নির্দিষ্ট একটি ঘর ৬ মাস আগে বরাদ্দ হলেও সেই ঘরে একজন কর্মাধ্যক্ষের চেয়ার ও টেবিল ছাড়া কিছুই নেই। সেখানে পঞ্চায়েত সমিতির ক্ষুদ্র শিল্প, বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি বিভাগের কর্মাধ্যক্ষ কৈলাসচন্দ্র বর্মন বসেন। অথচ সাধারণ মানুষের বসার জন্য চেয়ার বা কাগজপত্র রাখার আলমারি পর্যন্ত নেই। তবে আরেকজন পুরুষ কর্মাধ্যক্ষ বন ও ভূমি বিভাগের যোগেন্দ্রনাথ বর্মনের কোনও টেবিল ও চেয়ার আলাদাভাবে নেই। তারা যখন আসেন তখন সভাপতি ও সহসভাপতির ঘরে বসেন।

বাস্তব পরিস্থিতি যে এমনটাই তা স্বীকার করে নিয়েছেন পঞ্চায়েত সমিতির সভাপতি জয়শ্রী ব্যাপারী বর্মন। তাঁর কথায়, 'মহিলা কর্মাধ্যক্ষ ও তাদের স্বামীরা একসঙ্গে কাজ করেন। মহিলারা এমনিতে আসতে পারেন না, তবে মিটিংয়ে আসেন। ঘর দেওয়া হয়েছে তাদের জন্য। কিন্তু কেউ সেভাবে আসেন না। এজন্য ফার্নিচার দেওয়া হয়নি। তারা আসলে আমার ঘরেই বসেন।'

পঞ্চায়েত সমিতির প্রাণী ও মৎস্য বিভাগের কর্মাধ্যক্ষ অনিমা রায় বর্মন। এদিন ব্লকের মৎসজীবীদের সম্বন্ধে জানতে তাঁকে যোগাযোগ করতেই ফোন ধরেন তাঁর স্বামী বিশ্বজিৎ বর্মন। বিশ্বজিৎবাবু বলেন, 'আমি অনিমা বর্মনের স্বামী। সবটাই আমাকে দেখতে হয়। তাই পঞ্চায়েত সমিতিতে গিয়ে তথ্য দিতে পারব।' সোমবার পঞ্চায়েত সমিতির দপ্তরে গিয়ে দেখা গেল সভাপতি এবং সহ সভাপতি কেউই নেই। সহ সভাপতি বিজয়া সরকারের ঘরে বসে আছেন শিক্ষা কর্মাধ্যক্ষ অনামিকা রায় বর্মনের স্বামী তরুণ রায়, খাদ্য কর্মাধ্যক্ষ নিবেদিতা দেবশর্মার স্বামী শায়েল দেবশর্মা এবং ক্ষুদ্র শিল্প ও বিদ্যুৎ বিভাগের কর্মাধ্যক্ষ কৈলাসচন্দ্র বর্মন। শিক্ষা কর্মাধ্যক্ষের স্বামী তরুণবাবু বলেন, 'আমি আগের বোর্ডে পঞ্চায়েত সমিতির সদস্য ছিলাম, এবার আমার স্ত্রী। আমি নিয়মিত আসি। তবে শিক্ষা দপ্তরের কোনও তহবিল নেই, কাজ করার জায়গা নেই।' খাদ্য কর্মাধ্যক্ষের স্বামী শায়েল দেবশর্মা বলেন, 'আমাকেই সামলাতেই হয়। তবে স্ত্রীও আসেন।' অন্যদিকে, কর্মাধ্যক্ষ কৈলাসচন্দ্র বর্মন ক্ষোভের সঙ্গে বলেন, 'অনেক লড়াই করে আমাদের

*এরপর দশের পাতায়*








## অধ্যাপক প্রহৃত, কাঠগড়ায় মন্ত্রী

নতুন বিতর্কে জড়ালেন উত্তরবঙ্গের মন্ত্রী সত্যজিৎ বর্মন। মঙ্গলবার তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব ফের প্রকাশ্যে এল এক অধ্যাপকের নিগ্রহের ঘটনায়। তৃণমূলের ওয়েবকুপার সদস্য কালেশ্বর বর্মনের উপর হামলা হল হেমতাবাদে। কালেশ্বর অভিযোগ করেন, সবটাই করেছেন রাজ্যের প্রতিমন্ত্রী সত্যজিতের অনুগামীরা। তাঁর মাথা ফাটানো হয় পিস্তলের বাট দিয়ে। বাঁশপেটা করে জামা ছেঁড়া হয়।

বিস্তারিত চারের পাতায়

## হলুদ দিগন্তে মৌমাছির ঘর ...



*সর্ষেখেতের পাশে মধু চাষের বাক্স। মঙ্গলবার পুরাতন মালদার ভাটরায় ছবিটি তুলেছেন স্বরূপ সাহা।*

# শব পোড়া গন্ধে অতিষ্ঠ বালুরঘাট

**রূপক সরকার**

**বালুরঘাট, ৩ ডিসেম্বর :** যত সামনে এগোনো যাচ্ছে, দুর্গন্ধ তত বাড়ছে। এলাকায় ঢুকলে চামড়াপোড়া গন্ধে আর টেকা যায় না। রুমাল ভেদ করে সেই দুর্গন্ধ যেন ঢুকে পড়ছে সোজা মস্তিষ্কে। শুধু কি তাই, সেখানে গেলে হাওয়ার সঙ্গে জামাকাপড়ে সেঁটে যাচ্ছে ছাইয়ের কুচি। যেখানে সামান্য সময় থাকাটাই সমস্যার, সেখানেই বাস করতে হচ্ছে এলাকার মানুষজনকে।

এই ছবি বালুরঘাট পুর এলাকার খিদিরপুরের। সেখানে রয়েছে শ্মশান। রয়েছে পুরসভার বৈদ্যুতিক চুল্লিও। সেই চুল্লি খারাপ হওয়ায় বেরোচ্ছে সাদা ধোঁয়া, উড়ছে ছাইয়ের কুচি। কিন্তু সব ছাপিয়ে মূল সমস্যা চামড়াপোড়া গন্ধ। বেশ কিছুদিন ধরেই এই অবস্থায় বাস করতে বাধ্য হচ্ছেন স্থানীয়রা। অনেকে অসুস্থ হয়ে পড়েছেন ইতিমধ্যেই। ছেলেমেয়েরাও বাড়ি থেকে বেরোতে পারছে না। পরিস্থিতি মোকাবিলায় এবার একজোট হয়েছেন এলাকার মহিলারা। খারাপ চুল্লি দ্রুত ঠিক করার দাবিতে মঙ্গলবার তাঁরা স্থানীয় কাউন্সিলারের মাধ্যমে পুরসভায় নিজেদের গণস্বাক্ষর সংবলিত দাবিপত্র জমা দিয়েছেন।



**উড়ছে ছাইয়ের কুচি**

- বালুরঘাট পুর এলাকার খিদিরপুরে রয়েছে শ্মশান। রয়েছে পুরসভার বৈদ্যুতিক চুল্লিও
- সেই চুল্লি খারাপ হওয়ায় বেরোচ্ছে সাদা ধোঁয়া, উড়ছে ছাইয়ের কুচি।
- সব ছাপিয়ে মূল সমস্যা চামড়াপোড়া গন্ধ। বেশ কিছুদিন ধরেই এই অবস্থায় বাস করতে বাধ্য হচ্ছেন স্থানীয়রা। অনেকে অসুস্থ হয়ে পড়েছেন

স্থানীয় বাসিন্দা কালীকিংকর চৌধুরী বলছেন, 'শ্মশানে বৈদ্যুতিক চুল্লি করার জন্য আমরাই প্রথমে উদ্যোগী হয়েছিলাম। প্রথম প্রথম সব ভালোই চলছিল। কিন্তু চুল্লির চিমনি নষ্ট হওয়ার পর থেকেই এই সমস্যা দেখা দিয়েছে। মৃতদেহ সংকারের ধোঁয়া আর দুর্গন্ধে এখন বাড়িতে বসবাস করা দায় হয়ে পড়েছে।' একই বক্তব্য রিংকু দত্তেরও। তিনি বলেন, 'দুর্গন্ধে বহু মানুষ অসুস্থ হয়ে পড়েছে। ঘরে থাকাও দায় হয়ে উঠেছে। পুরসভা দ্রুত পদক্ষেপ করুক। তা না হলে দুর্গন্ধেই আমরা মারা পড়ব।'

এলাকাবাসীর সঙ্গে একমত ১৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার প্রবীর দত্তও। তিনি জানান, 'দীর্ঘদিন ধরে এই সমস্যা চলছে। গোটা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশ তৈরি হয়েছে। আমি নিজেও পুর কর্তৃপক্ষকে একাধিকবার বিষয়টি জানিয়েছি। কাজ হয়নি। আজ ফের নতুন করে গণস্বাক্ষর সংবলিত দাবিপত্র জমা দেওয়া হয়েছে। বিষয়টি নিয়ে সঠিক পদক্ষেপ নেওয়া দরকার। এই সমস্যার স্থায়ী সমাধান হওয়া উচিত।'

এলাকাবাসীর সাফ কথা, দ্রুত এই সমস্যার সমাধান করতে হবে। তা না হলে সাতদিন পর খিদিরপুর বৈদ্যুতিক চুল্লিতে মৃতদেহ সংকার বন্ধ করে দেবেন তাঁরা। যদিও বালুরঘাট পুরসভার সংশ্লিষ্ট দপ্তরের এমসিআইসি বিপুলকান্তি ঘোষের বক্তব্য, 'মাস ছয়েক আগেই বৈদ্যুতিক চুল্লি ঠিক করা হয়েছে। নতুন করে এই সমস্যার কথা জানা ছিল না। সংবাদমাধ্যমের কাছ থেকে গণস্বাক্ষর সংবলিত দাবিপত্র জমা পড়ার খবর পেলাম। পুরসভার তরফে পুরো বিষয়টি খতিয়ে দেখা হবে। কোথাও কোনও সমস্যা থাকলে দ্রুত তা ঠিক করা হবে।'

## বাংলাদেশে ভক্তদের তিলক ও তুলসীর মালা নিয়ে সতর্কতার পরামর্শ ইসকনের

# নেই আইনজীবী, হাজতেই চিন্ময়

অস্থির বাংলাদেশ

**ঢাকা ও কলকাতা, ৩ ডিসেম্বর :** মার খেয়ে হাসপাতালের আইসিইউয়ে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন একজন। মঙ্গলবার অন্যজনের দেখাই মিলল না আদালতে। দুই আইনজীবীর কেউই হাজির না হওয়ায় বাংলাদেশে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে গ্রেপ্তার হওয়া হিন্দু সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণদাস ব্রহ্মচারীর জামিনের শুনানি এক মাসের জন্য পিছিয়ে গেল। বিনা সওয়াল-জবাবে বাংলাদেশ সম্মিলিত সনাতনী জাগরণ জোটের এই মুখপাত্রকে ২ জানুয়ারি পর্যন্ত জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন চট্টগ্রাম মহানগর দায়রা আদালতের বিচারক। ওই দিন মামলার পরবর্তী শুনানি হবে। যে চিন্ময় কৃষ্ণদাসের জামিন মামলার দিকে গোটা বিশ্বের নজর ছিল, তাঁকেই কার্যত বিনা বিচারে আটকে রাখা বাংলাদেশে সংখ্যালঘু অধিকারকে ফের প্রশ্নের মুখে ফেলেছে।

পরিস্থিতি এতটাই জটিল যে বাংলাদেশে সংখ্যালঘুদের তিলক কাটা বা গেরুয়া পোশাক পরা নিয়ে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে ইসকন। সংগঠনের কলকাতার মুখপাত্র রাধারমণ দাস বলেন, 'বাংলাদেশের ইসকন ভক্তদের বলা হয়েছে, তাঁরা যেন কপালে তিলক কেটে, হাতে তুলসির মালা নিয়ে বাইরে বার না হন।' তাঁর কথায়, 'বাংলাদেশের পরিস্থিতি উদ্বেগজনক। ইসকনের সন্ন্যাসী এবং ভক্তদের আমরা পরিচয় গোপন রাখতে বলেছি। বাড়িতে বা মন্দিরে তাঁদের ধর্মীয় আচার পালন করতে বলা হয়েছে। আমরা তাঁদের এমন পোশাক পরার পরামর্শ দিয়েছি যাতে মনোযোগ আকর্ষণ না করে।'

যদিও বাংলাদেশে হিন্দু নির্যাতনের কথা বেমালুম অস্বীকার করেছেন প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের প্রেস সেক্রেটারি সফিকুল আলম। তাঁর দাবি, বাংলাদেশে সংখ্যালঘুদের টার্গেট করা হচ্ছে এমন মিথ্যা প্রচারকে ভারতীয় মিডিয়া 'শিল্পে' পরিণত করেছে। আলম বলেন, 'এখানে হিন্দুরা পুরোপুরি সুরক্ষিত। শেখ হাসিনার আমলের চেয়ে তাঁরা অনেক বেশি সুরক্ষিত। আমরা যা দেখছি তা হল ভারতের তরফে ভুয়ো খবর ছড়ানো।'

হিন্দু সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণদাসের জামিন ঠেকাতে বাংলাদেশের পুলিশ প্রশাসন ও মৌলবাদীরা যে সক্রিয়, তা সোমবারই বোঝা গিয়েছিল। ওইদিন এনামুল হক চৌধুরী নামে একজন চিন্ময় কৃষ্ণদাসের নামে আরও একটি অভিযোগ দায়ের করেন। বিস্ফোরক দ্রব্য আইনে দায়ের হওয়া সেই মামলায় চিন্ময় সহ ৭১ জনের নাম রয়েছে। মঙ্গলবার স্থানীয় কোনও আইনজীবী চিন্ময়ের হয়ে সওয়াল করতে রাজি হননি।

**আইনজীবীদের বাধা**

- ঢাকা থেকে আড়াইশো কিলোমিটার পথ পাড়ি দিয়ে চট্টগ্রামে চিন্ময় কৃষ্ণের হয়ে সওয়াল করতে গিয়েছিলেন আইনজীবী রবীন্দ্র ঘোষ
- মৌলবাদীরা তাঁকে আদালতের বাইরে আটকে দেয়। পুলিশি নিরাপত্তা না মেলায় শুনানিতে যোগ দিতে পারেননি তিনি
- দিনকয়েক আগে চিন্ময় কৃষ্ণের প্রধান আইনজীবী রমেন রায়ের বাড়িতে হামলা চালিয়েছিল একদল দুষ্কৃতী
- বাড়ি ভাঙচুর ছাড়াও রমেন রায়কে ব্যাপক মারধর করা হয়। গুরুতর আহত ওই আইনজীবী আইসিইউয়ে ভর্তি

সূত্রের খবর, রবীন্দ্র ঘোষ নামে এক আইনজীবী ঢাকা থেকে আড়াইশো কিলোমিটার পথ পাড়ি দিয়ে চট্টগ্রামে গিয়েছিলেন চিন্ময় কৃষ্ণের হয়ে সওয়াল করতে। কিন্তু মৌলবাদীরা তাঁকে আদালতের বাইরে আটকে দেয়। পুলিশি নিরাপত্তা না মেলায় শুনানিতে যোগ দিতে পারেননি তিনি। দিনকয়েক আগে চিন্ময় কৃষ্ণের প্রধান আইনজীবী রমেন রায়ের বাড়িতে হামলা চালিয়েছিল একদল দুষ্কৃতী। বাড়ি ভাঙচুর ছাড়াও রমেন রায়কে ব্যাপক মারধর করা হয়। গুরুতর আহত ওই আইনজীবী আইসিইউয়ে ভর্তি। চিন্ময় কৃষ্ণের ওকালতনামায় সই করা অন্য আইনজীবীর খোঁজ মিলছে না। মৌলবাদীদের হুমকির জেরে তিনি গা-ঢাকা দিয়েছেন বলে চিন্ময় কৃষ্ণের ঘনিষ্ঠদের দাবি।

চলতি পরিস্থিতিতে চট্টগ্রামের অন্য কোনও আইনজীবীও চিন্ময় কৃষ্ণের হয়ে সওয়াল করতে রাজি নন। সন্ন্যাসীর হয়ে না দাঁড়াতে স্থানীয় বার অ্যাসোসিয়েশনের তরফে হিন্দু আইনজীবীদের হুমকি দেওয়া হয়েছে বলেও অভিযোগ উঠেছে। এদিন বাংলাদেশে ইসকনকে নিষিদ্ধ করার দাবিতে চট্টগ্রামে মিছিল করতে দেখা গিয়েছে আইনজীবীদের একাংশকে।

এদিকে হিন্দুত্ববাদীদের হামলার জেরে ত্রিপুরার আগরতলা কনসুলেট বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ইউনূস সরকার। তাদের দাবি, পরিকল্পিতভাবে কনসুলেটে হামলা চালানো হয়েছে। মঙ্গলবার ঢাকায় ভারতের রাষ্ট্রদূত প্রণয় ভার্মাকে বাংলাদেশের বিদেশমন্ত্রকে ডেকে পাঠানো হয়েছিল। সেদেশের বিদেশসচিব এম রিয়াজ হামিদুল্লাহর সঙ্গে বৈঠক করেন ভার্মা। বৈঠক সেরে বেরিয়ে ভারত-বাংলাদেশ বহুপাক্ষিক সম্পর্কের পক্ষে সওয়াল করেন ভারতীয় রাষ্ট্রদূত। আগরতলায় বাংলাদেশ কনসুলেটে ভাঙচুরের ঘটনায় জড়িত থাকার অভিযোগে ৭ জনকে গ্রেপ্তার করেছে ত্রিপুরা পুলিশ। কর্তব্যে গাফিলতির দায়ে বরখাস্ত করা হয়েছে ৩ পুলিশকর্মীকে। কনসুলেটে ভাঙচুরের ঘটনায় দুঃখপ্রকাশ করে বিবৃতি জারি করেছে সাউথ ব্লক। তবে ওই ঘটনাকে সামনে রেখে বাংলাদেশ জুড়ে ফের ভারত বিরোধিতাকে উসকে দেওয়ার চেষ্টা করছে তথা কথিত ছাত্র-জনতার আড়ালে থাকা মৌলবাদীরা।





*দুই দেশের দুই ছবি। উপরে, ঢাকায় ভারতীয় হাইকমিশন অফিসের সামনে কড়া নিরাপত্তা। নীচে, কলকাতায় পোড়ানো হচ্ছে ইউনূসের ছবি।*

# ওপারে স্বজন, ঘুম উধাও আত্মীয়দের

অস্থির বাংলাদেশ

**বিশ্বজিৎ সরকার**

**হেমতাবাদ, ৩ ডিসেম্বর :** পদ্মার এপার আর ওপার। ওপারের পরিস্থিতি রীতিমতো থমথমে। কবে স্বাভাবিক হবে, না জানে প্রশাসন, না জানে সেখানকার মানুষ। উত্তাল বাংলাদেশে রয়ে গিয়েছে এপারের বহু বাসিন্দার স্বজন। তাদের জন্য চিন্তায় রাতের ঘুম উধাও।

মাকরহাটের বাসিন্দা বিমল বর্মনের কাকা-কাকিমা, তাদের ছেলেমেয়েরা থাকেন ঠাকুরগাঁওতে। দুষ্কৃতীদের অত্যাচার সহ্য করতে করতে দেওয়ালে পিঠ ঠেকে গিয়েছে। সোমবার কোনওরকমে চৈনগর সীমান্তে পৌঁছে ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনীর সঙ্গে কথা বলার চেষ্টা করেন তাঁরা। লাভ হয়নি। কারণ, বাংলাদেশ বর্ডার গার্ড কথা বলতে দেয়নি। পড়শি দেশের অনেক সংখ্যালঘু ভারতে আসার জন্য মুখিয়ে রয়েছেন বলে দাবি সেখানকার বহু বাসিন্দার। সীমান্তের দুই বাহিনীর তরফ থেকে বারবার ফ্ল্যাগ মার্চ করছেন।

বিমল বর্মন বলেন, 'কাকা-কাকিমা সহ অর্ধেক পরিবার বাংলাদেশের ঠাকুরগাঁও জেলায় রয়েছে। ওদের ওপর লাগাতার অত্যাচার চলছে। মানসিক অস্থিরতার মধ্যে দিয়ে দিন কাটছে। গতকাল চৈনগর সীমান্তে এসে বিএসএফের সঙ্গে কথা বলার চেষ্টা করে। কিন্তু বাংলাদেশের বিজিবি কথা বলতে দেয়নি।'

*এরপর দশের পাতায়*

# খুনের চক্রান্ত ইউনূসের : হাসিনা

অস্থির বাংলাদেশ

**নয়াদিল্লি, ৩ ডিসেম্বর :** বাংলাদেশে সংখ্যালঘুদের নিশানা করে চলমান হিংসা ও গণহত্যার জন্য দেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসকেই সরাসরি দায়ী করলেন প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নোবেলজয়ী ইউনূসকে 'মাস্টারমাইন্ড' হিসাবে চিহ্নিত করে হাসিনার অভিযোগ, দেশব্যাপী অরাজকতা ও সংখ্যালঘুদের বিরুদ্ধে এই হিংসার সঙ্গে প্রধান উপদেষ্টা প্রত্যক্ষভাবে যুক্ত।

একটি অডিও বিবৃতিতে শেখ হাসিনা তাঁর দলীয় কর্মীদের উদ্দেশে বলেন, মুহাম্মদ ইউনূস দেশের ভিতরে অশান্তি এবং সংখ্যালঘুদের বিরুদ্ধে সহিংসতা উসকে দিয়েছেন। হাসিনার দাবি, ক্ষমতা ত্যাগ করে তিনি দেশ ছেড়েছিলেন অবশ্যম্ভাবী গণহত্যা এড়াতে। অথচ তারপরেও তা আটকানো গেল না। এর কারণ ইউনূস। বাংলাদেশি হিন্দু, বৌদ্ধ এবং খ্রিস্টান সম্প্রদায়ের ওপর বাড়তে থাকা হিংসার নিন্দা করে দেশত্যাগী আওয়ামি লিগ নেত্রী বলেন, ব্যাপারটা গভীর উদ্বেগের। বাংলাদেশকে আবার স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতেই হবে।

ভারতের মাটি থেকে আমেরিকায় আয়োজিত এক আলোচনাসভায় ভার্চুয়াল বক্তৃতা করেন হাসিনা। বাংলাদেশে চরম নৈরাজ্যের জন্য ইউনূসকে দায়ী করে আওয়ামি লিগ সভানেত্রীর মন্তব্য, 'ইউনূসের পরিকল্পনাতেই গণহত্যা চলছে বাংলাদেশে।'

নিউ ইয়র্কের ওই সভায় বাংলাদেশে সংখ্যালঘু জনগোষ্ঠী, ধর্মস্থান এবং ধর্মীয় সংগঠন ইসকনের ওপর হামলারও নিন্দা করেন হাসিনা। তিনি বলেন, 'আজ আমার বিরুদ্ধে গণহত্যার অভিযোগ আনা হয়েছে। কিন্তু বাস্তবে মুহাম্মদ ইউনূসই ছাত্র সমন্বয়কদের নিয়ে পরিকল্পনামাফিক লিপ্ত হয়েছেন গণহত্যায়। তাঁরাই মাস্টারমাইন্ড। এমনকি,

*এরপর দশের পাতায়*

# শঙ্কা প্যাকেটবন্দি জল ও খাদ্য নিয়ে

**নয়াদিল্লি, ৩ ডিসেম্বর :** প্যাকেটবন্দি খাবার পছন্দ করেন অনেকেই। তাঁদের ধারণা, প্যাকেটে মোড়া নানা স্বাদের খাবারদাবার শুধু মুখরোচক নয়, স্বাস্থ্যকরও বটে। ব্যাপারটা যে তা নয়, সেটা বারবারই জানিয়েছেন পুষ্টিবিদরা। তাঁরা সতর্ক করে দিয়ে বলেছেন, 'স্বাস্থ্যকর' তকমা দেওয়া বহু প্যাকেটবন্দি খাবারদাবারই আসলে বেশ অস্বাস্থ্যকর।

এবার বোতলবন্দি নানা ব্র্যান্ডের জল ও মিনারেল ওয়াটার নিয়েও বেসুরো গাইলেন ভারতের খাদ্য নিরাপত্তা এবং মান বিষয়ক কর্তৃপক্ষ (এফএসএসএআই)। মোড়কবন্দি পানীয় জল এবং খনিজসমৃদ্ধ পানীয় জলকে কেন্দ্রীয় সংস্থা 'অত্যন্ত ঝুঁকিপূর্ণ খাবার' (হাইরিস্ক ফুড)-এর তালিকায় অন্তর্ভুক্ত করেছে। সংস্থা এও জানিয়েছে, এবার থেকে ওইসব পণ্যের মান ও নিরাপত্তা নিশ্চিত করতে নিয়মিত পরিদর্শন ও অডিট করা হবে।

গত অক্টোবর মাসে কেন্দ্রীয় সরকার প্যাকেটবন্দি জল উৎপাদনে ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস (বিআইএস)-এর সার্টিফিকেশন বাধ্যতামূলক নয় বলে ঘোষণা করে। এরপর নতুন নিয়ম চালু করে এফএসএসএআই। তাতে বলা হয়, ওই পণ্যগুলির লাইসেন্স পাওয়ার আগে নির্মাতা এবং প্রক্রিয়াজাতকারীদের বাধ্যতামূলকভাবে পরিদর্শন প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে।

নতুন নিয়মে আরও বলা হয়েছে, প্যাকেজড জলের নির্মাতা ও ব্যবসায়ীরা বছরে অন্তত একবার কেন্দ্রীয় নিয়ামক সংস্থার অনুমোদিত তৃতীয়পক্ষের সংস্থার মাধ্যমে অডিট করাতে বাধ্য থাকবেন। আগে দ্বৈত সার্টিফিকেশন (বিআইএস এবং এফএসএসএআই) বাধ্যতামূলক ছিল। কিন্তু সেটা খরচ এবং প্রশাসনিক জটিলতা বাড়াত। সেই কারণে পুরোনো নিয়ম শিথিল করা হয়েছে।

এফএসএসএআই-এর মতে, যেসব খাদ্যপণ্যের নিয়মিত পরিদর্শন ও অডিট প্রয়োজন, সেগুলিকে 'উচ্চ ঝুঁকিপূর্ণ খাবার'-এর পর্যায়ে ফেলা যায়। এই তালিকায় রয়েছে দুধ ও দুগ্ধজাত পণ্য, মাছ, মাংস, শামুক, চিংড়ি, কাঁকড়া, শুঁটকি ও তারামাছ, ডিম ও ডিমজাত পণ্য, বিশেষ পুষ্টিগুণসম্পন্ন খাদ্য, মিষ্টি ইত্যাদি। কেন্দ্রীয় সংস্থার এহেন পদক্ষেপ আমনাগরিকের কাছে নিরাপদ ও গুণমানে সমৃদ্ধ পানীয় জল পৌঁছোতে সাহায্য করবে।

# বিলীনের পথে সরাফা ভবন হবে মার্কেট কমপ্লেক্স

**কল্লোল মজুমদার**

**মালদা, ৩ ডিসেম্বর :** মালদা শহরের প্রাণকেন্দ্র নেতাজি মোড়। আর এই নেতাজি মোড়ের আইকন সরাফা ভবন। ২৩১ বছর প্রাচীন এই ভবনটি নানা ইতিহাসের সাক্ষ্য বহন করে দাঁড়িয়ে রয়েছে আজও। সরাফা ভবনের সঙ্গে জড়িয়ে রয়েছে লর্ড কর্নওয়ালিসের নাম।

কিন্তু, বেশ কয়েক মহলের অট্টালিকাটি আজ ভগ্নপ্রায়। বিপজ্জনকও বটে। বাড়িতে কয়েকটি পরিবার অস্থায়ীভাবে বসবাস করে। এই সরাফা ভবন আর বেশিদিন দেখতে পারবেন না মালদার মানুষ। ভবনটি ভেঙে গড়ে তোলা হবে বহুতল মার্কেট কমপ্লেক্স। কয়েকদিন থেকে সেই সম্ভাবনার কথা ভেসে বেড়াচ্ছিল। আর সেই সম্ভাবনা যে সত্যি তা স্বীকার করে নিয়েছেন ইংরেজবাজারের চেয়ারম্যান।

সত্যিই কি ভেঙে ফেলা হবে? এই প্রশ্নের উত্তরে ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী জানান, 'বাড়িটি অত্যন্ত পুরোনো হয়ে গিয়েছে। তাই ভেঙে ফেলতে হবে।' তাঁর কথায় যে ইট, লোহা দিয়ে ওই ভবন তৈরি,তা আজ পাওয়া যাবে না। তাই চেষ্টা চলছে, সামনের কাঠামো একই রাখার।

কেন সরাফা ভবন মালদার মানুষের মনের মধ্যে অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে আছে? ইতিহাসের পাতা উলটালে দেখা যায়, ১৭৯৩ সালে লর্ড কর্নওয়ালিস বাংলা, বিহার, ওডিশায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রথা চালু করেন। এক ধরনের ভূমি রাজস্ব প্রথার প্রভাব পড়ে মালদা জেলাতেও। সেই সময় মালদা জেলার রেশম, নীল, কার্পাস, বস্ত্র, সোনা, রুপো আমদানি রপ্তানির সূত্র ধরে ভগবানচন্দ্র চৌধুরীর সঙ্গে ইস্ট ইন্ডিয়া কোম্পানির ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে উঠেছিল। যে কারণে খাজনা জমা ও আদায়ের হিসাব রাখার জন্য সরাফা ভবন গড়ে তোলা হয়। সালটা ছিল ১৭৯৩ এর আশেপাশে। ভবনটি আজ মালদার মানুষের কাছে আশুবাবুর সরাফা নামে খ্যাত।

**ইতিহাস কথা কয় ফিস ফিস**

- ১৭৯৩ সালে লর্ড কর্নওয়ালিস বাংলা, বিহার, উড়িষ্যায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রথা চালু করেন
- এক ধরনের ভূমি রাজস্ব প্রথার প্রভাব পড়ে মালদা জেলাতে
- সেইসময় মালদা জেলার রেশম, নীল, কার্পাস, বস্ত্র, সোনা, রুপো আমদানি রপ্তানির সূত্র ধরে ভগবানচন্দ্র চৌধুরীর সঙ্গে ইস্ট ইন্ডিয়া কোম্পানির ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে উঠেছিল
- যে কারণে খাজনা জমা ও আদায়ের হিসাব রাখার জন্য সরাফা ভবন গড়ে তোলা হয়



মালদা জেলার ইতিহাস গবেষক প্রয়াত কমল বসাকের লেখা একালের গৌড় মালদহ ও সেকালের ইতিহাস বইয়ের উল্লেখ রয়েছে, তখন চৌধুরী বংশের জমিদারি পরিধি বাংলা, বিহার এবং বর্তমান বাংলাদেশ পর্যন্ত বিস্তৃত ছিল। এই সমস্ত জমি-জায়গা নিয়ন্ত্রিত হত ওই সরাফা ভবনের অঙ্গুলিহেলনে। সে সময় ৩০-৫০ জন কর্মচারী সব সময় কাজ করতেন। গোমস্তারা আটপ্রহরীর মাধ্যমে খাজনা পাঠিয়ে দিতেন। খাজনা আদায়ের জন্য সভায় মজুত থাকত লাঠিয়াল। হিসেব রাখার জন্য মোতায়েন করা হয়েছিল ৫-৬ জন কেরানি। ওই বইতে ভগবানচন্দ্র চৌধুরী বংশধর যতীন্দ্রনারায়ণ চৌধুরীর মতে সরাফাতে এক দুর্ঘটনায় মৃত্যু হয় ভগবানবাবুর। এরপর তাঁর ছেলে হরিশ্চন্দ্র চৌধুরী শোকাহত হয়ে সরাফায় না গিয়ে তার পাশেই একটি বাড়ি থেকে জমিদারি কাজ চালিয়ে যেতেন। যে ভবনটিতে আজ রয়েছে জয় হিন্দ বস্ত্রালয়।



বিপ্লবী ক্ষুদিরাম বসুর জন্মদিনে শ্রদ্ধার্ঘ্য খুদেদের। মঙ্গলবার গঙ্গারামপুরে। - চয়ন হোড়।

# ‘বিরোধী’ বলেই সাফাই হয় না জঞ্জাল

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ৩ ডিসেম্বর :** রায়গঞ্জ শহরের মোহনবাটী বাজার এলাকায় ৬ মাস ধরে নিকাশিনালা পরিষ্কার হয় না বলে অভিযোগ উঠেছে। ওই এলাকায় প্রয়াত স্বাধীনতা সংগ্রামী রবীন্দ্রকুমার ভৌমিকের বাড়ি। ১৯১২ সাল থেকে প্রয়াত স্বাধীনতা সংগ্রামীর পরিবার বাস করছেন ওই বাড়িতে। অভিযোগ, তাঁর বাড়ির লাগোয়া এলাকার নিকাশিনালাগুলি নিয়মিত পরিষ্কার হয় না। পুরো নর্দমা নোংরা আবর্জনায় ভরে যাচ্ছে। মশার উপদ্রবে নাজেহাল অবস্থা।

ভৌমিক পরিবারের সদস্য তথা জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক তিলকতীর্থ ভৌমিক বলেন, ‘মে মাসের পর আর নিকাশিনালা পরিষ্কার হয়নি। আগে যিনি স্যানিটারি ইনস্পেকটর ছিলেন তাকে বলে নিয়মিত পরিষ্কার করাতাম, কিন্তু উনি অবসর নেওয়ার পর একেবারে পরিষ্কার হয় না। অথচ প্রতি বছর এপ্রিল মাসের ২ তারিখে ট্যাক্স দিই। আমি এবং আমার পরিবার কংগ্রেস করে বলেই নিয়মিত পরিষ্কার হয় না।’

যদিও এলাকার কোঅর্ডিনেটর মমতা বন্দ্যোপাধ্যায়ের দাবি, ওই এলাকায় নিকাশিনালা পরিষ্কার করা হয়। কিন্তু প্রতিদিন সবজি বিক্রেতারা ওই এলাকা নোংরা করে রাখে। তাঁর বক্তব্য, ‘আমাদের ওয়ার্ডে লেবার সংখ্যা ৩ জন। তাই প্রতিদিন পরিষ্কার করা সম্ভব হয় না। তিনি আরও বলেন, কোনও দল দেখে ওয়ার্ডে কাজ হয় না। সাধারণ মানুষের পরিষেবা আমরা দিয়ে থাকি। তাই এই ধরনের অভিযোগ ঠিক নয়।’

## পুর পরিষেবাতেও রং বিতর্ক



প্রয়াত স্বাধীনতা সংগ্রামীর বাড়ির সামনে আবর্জনা। মঙ্গলবার রায়গঞ্জে।

উল্লেখ্য, রায়গঞ্জ শহরের মূল কেন্দ্র মোহনবাটী এলাকা। প্রতিদিন সকালে গ্রাম থেকে আড়তদাররা শাকসবজি নিয়ে এসে রাস্তার উপর বিক্রি করে। বিক্রেতারা বিভিন্ন জিনিসপত্র রাস্তার উপর ও ড্রেনে ফেলে দিয়ে চলে যায়। ফলে সেগুলো জমে যায়। বিশেষ করে বর্ষার সময় সাধারণ মানুষকে দুর্ভোগে পড়তে হয়। রায়গঞ্জ পুরসভার ভাইস চেয়ারপার্সন অরিন্দম সরকার বলেন, ‘সাধারণ মানুষ সচেতন না হলে রাস্তাঘাট ও ড্রেন পরিষ্কার রাখা সম্ভব নয়। তিলকবাবু যে অভিযোগ করেছেন, তা একেবারেই ভিত্তিহীন।’

### টেন্ডার ডাকল উত্তর-পূর্ব সীমান্ত রেল

# জানুয়ারিতে হিলির পথে লাইন পাতা শুরু

**বিধান ঘোষ**

**হিলি, ৩ ডিসেম্বর :** বালুরঘাট-হিলি রেল সম্প্রসারণ প্রকল্পে গতি আসতে চলেছে। দুর্গাপুজোর আগে এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় জমির একাংশ রেলের হাতে তুলে দিয়েছে জেলা প্রশাসন। এবার কামারপাড়া থেকে বালুরঘাট পর্যন্ত

> প্রথম দফায় ৩১৫ কোটি দিয়ে বালুরঘাট থেকে কামারপাড়া পর্যন্ত লাইন পাতা হবে। রাজ্য সরকার কামারপাড়া থেকে হিলি পর্যন্ত জমি রেলের হাতে দিলে সেদিককার কাজও শুরু হয়ে যাবে। রাজ্য যত তাড়াতাড়ি জমি দেবে, রেল তত তাড়াতাড়ি লাইন পেতে ট্রেন চালাবে।
>
> **সুকান্ত মজুমদার**, সাংসদ

নতুন রেললাইন পাতার জন্য বরাত প্রক্রিয়া শুরু করেছে রেল কর্তৃপক্ষ। ১৩.৭ কিলোমিটার দীর্ঘ নতুন লাইনের কাজের জন্য ৩১৫ কোটি টাকার দরপত্র আহ্বান করেছে উত্তর-পূর্ব সীমান্ত রেলের নির্মাণ সংস্থা। দ্রুত বরাত প্রক্রিয়া শেষ করে জানুয়ারি মাসের মধ্যেই কাজ শুরু দিতে চাইছে রেল। এখন কামারপাড়া থেকে হিলি পর্যন্ত জমি অধিগ্রহণের অপেক্ষায় মানুষজন।



রেলের সম্প্রসারণের কাজ চলছে। মঙ্গলবার হিলিতে।

২০১০ সালে বালুরঘাট থেকে হিলি পর্যন্ত রেল সম্প্রসারণ প্রকল্পের কাজ শুরু হয়। কিছুদিনের মধ্যে কাজ থমকেও যায়। দীর্ঘ বছর ধরে এই প্রকল্প জমিজটে আটকে ছিল। অবশেষে কলকাতা হাইকোর্টের হস্তক্ষেপে ২০২২ সালের সেপ্টেম্বর মাসে এই প্রকল্পের কাজ নতুন করে শুরু হয়। জেলা ভূমি সংস্কার দপ্তরও জমি অধিগ্রহণে তৎপর হয়। ২০২৩ সালে জমি অধিগ্রহণের জন্য প্রায় ৩০০ কোটি টাকা বরাদ্দ করে উত্তর-পূর্ব সীমান্ত রেল। পাশাপাশি অর্ধসমাপ্ত সেতু নির্মাণের কাজ শেষ করতেও ৫০ কোটি টাকা বরাদ্দ করে তারা। চলতি বছর দুর্গাপুজোর আগে উত্তরপূর্ব সীমান্ত রেলের হাতে ১৩.৭ কিলোমিটার চিহ্নিত জমি তুলে দেয় জেলা প্রশাসন। জমি পেতেই দ্রুত লাইন পাতার কাজ শেষ করতে দরপত্র আহ্বান করল উত্তর-পূর্ব সীমান্ত রেল।

এখনও পর্যন্ত ঠিক আছে, চলতি ডিসেম্বরেই এই বরাত প্রক্রিয়া সম্পন্ন করবে রেল। কেন্দ্রীয় উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী তথা বালুরঘাটের সাংসদ সুকান্ত মজুমদার বলেন, ‘রাজ্য যে পরিমাণ জমি রেলের হাতে দিয়েছে তাতেই লাইন পাতার কাজ শুরু হচ্ছে। প্রথম দফায় ৩১৫ কোটি দিয়ে বালুরঘাট থেকে কামারপাড়া পর্যন্ত লাইন পাতা হবে। রাজ্য সরকার কামারপাড়া থেকে হিলি পর্যন্ত জমি রেলের হাতে দিলে সেদিককার কাজও শুরু হয়ে যাবে। রাজ্য যত তাড়াতাড়ি জমি দেবে, রেল তত তাড়াতাড়ি লাইন পেতে ট্রেন চালাবে।’

## নাম নেই যোগ্যদের, অভিযোগ জানিয়েও মেলেনি ফল

# তালিকায় পদ্ম উপপ্রধানের চার ভাই

**সৌরভকুমার মিশ্র ও মুরতুজ আলম**

**হরিশ্চন্দ্রপুর ও সামসী, ৩ ডিসেম্বর :** আবাস তালিকায় নাম নেই গরিবদের। কিন্তু, নাম রয়েছে রামধনু জোট পরিচালিত হরিশ্চন্দ্রপুর-২ ব্লকের ইসলামপুর গ্রাম পঞ্চায়েতের বিজেপির উপপ্রধানের। পাশাপাশি উপপ্রধানের চার ভাইয়ের নামও এই তালিকায় উঠে এসেছে। এমনই তালিকা ঘিরে শুরু হয়েছে চাপানউতোর।

অন্যদিকে সামসী থেকেও যোগ্যদের বঞ্চিত করার অভিযোগ উঠে আসছে।

### হরিশ্চন্দ্রপুর ও সামসী

অভিযোগ, ইসলামপুর গ্রাম পঞ্চায়েতের বিজেপির উপপ্রধান কুন্দন মণ্ডলের নাম এই তালিকায় রয়েছে। রয়েছে তাঁর চার ভাইয়ের নামও। একই পরিবারের স্বামী-স্ত্রীর নামও তালিকাতে এসেছে। পাশাপাশি বিয়ে হয়নি এমন তরুণীর নামও তালিকায় দেখা যাচ্ছে বলে অভিযোগ।

এলাকার বাসিন্দা উদয় মণ্ডল বলেন, ‘উত্তর ভাকুড়িয়া গ্রামের অনেকের নাম বাদ পড়েছে যারা প্রকৃতপক্ষেই ঘর পাওয়ার জন্য যোগ্য। অথচ উপপ্রধান এবং তার চার ভাইয়ের নাম এসেছে। ওদের পাকাবাড়ি রয়েছে।’

অভিযোগ প্রসঙ্গে হরিশ্চন্দ্রপুর-২ এর বিডিও তাপসকুমার পাল জানিয়েছেন, ‘অনেকে সার্ভের সময় মিসগাইড করতে পারে। তাই প্রাথমিক তালিকার পর অভিযোগের ভিত্তিতে সুপার চেকিং করে চূড়ান্ত তালিকা হবে।’

সামসী পিণ্ডলতলা গ্রামের বাসিন্দা আবু কালাম আজাদ, আসরাফুল হকরা নিজেদের নাম পুনরায় তালিকাভুক্ত করার জন্য বিডিওর কাছে লিখিতভাবে আবেদন করেছেন। ওই পঞ্চায়েত এলাকার ছবিলপাড়া গ্রামের দীপ্তি সাহা, দিলীপ মণ্ডলরাও আবাসের তালিকায় নাম নথিভুক্ত করার জন্যও আবেদন করেন। কিন্তু বিডিওকে জানিয়েও লাভ হয়নি। এনিয়ে ক্ষোভ দেখা দিয়েছে সামসীতে।

ছবিলপাড়া গ্রামের এক বিধবা মহিলা দীপ্তি সাহার অভিযোগ, ‘স্বামী দুবছর আগে মারা গিয়েছেন। দুই নাবালক সন্তানকে নিয়ে বসবাস করছি। অথচ আমার নাম আবাসের তালিকা থেকে বাদ দিয়েছে প্রশাসন।’

এলাকার মানুষের তোলা অভিযোগ নিয়ে সুর চড়িয়েছেন পিণ্ডলতলা ও ছবিলপাড়া দুই বুথের শাসকদলের দুই পঞ্চায়েত সদস্যও। পিণ্ডলতলা বুথের শাসকদলের অভিযোগ প্রসঙ্গে রতুয়া-১ ব্লকের বিডিও রাকেশ টোপ্পো বলেন, ‘ত্রুটিমুক্ত তালিকা প্রকাশ করা হয়েছে। তবুও অভিযোগ থাকলে, তা গুরুত্ব সহকারে খতিয়ে দেখা হবে।’

> আমার ভয়েস নকল করেও ২৫ অক্টোবর থেকে আরও একটি ভয়েস মেসেজ চলছে। অধিকারিকদের নাম করে অনেকেই এসব করে থাকে। পুরো বিষয়টি খতিয়ে দেখা হবে।
>
> **সুকান্ত শিকদার**, বিডিও

> বাংলা আবাস যোজনার ঘর পাওয়ার যোগ্য। কিন্তু আমি এই ঘর নিতে চাই না। কারণ, এই এলাকায় আমার থেকে আরও অনেক গরিব মানুষ আছেন, যাঁরা একটি সরকারি ঘর পেলে অত্যন্ত উপকৃত হবেন।
>
> **মমতাজ বিবি**, প্রধান, সাফানগর পঞ্চায়েত

# বিডিওর নাম করে ঘুষ চাওয়ার দাবি

**এম আনওয়ারউল হক**

**বৈষ্ণবনগর, ৩ ডিসেম্বর :** আবাস তালিকায় নাম তোলার জন্য এবার খোদ বিডিওর নাম করে টাকা চাওয়ার অভিযোগ উঠল কালিয়াচক-৩ নম্বর ব্লকে। এক ভাইরাল ভিডিও ঘিরে বিতর্ক ছড়িয়েছে বৈষ্ণবনগরের কৃষ্ণপুর পঞ্চায়েতে। যদিও ভিডিওর সত্যতা যাচাই করেনি উত্তরবঙ্গ সংবাদ। সম্প্রতি বৈষ্ণবনগরের একটি রেস্তোরাঁয় কৃষ্ণপুর পঞ্চায়েতের সমস্ত সদস্যদের ডেকে পাঠান প্রধান আবদুল আহাদ। সেই রেস্তোরাঁয় আবদুল প্রতিটি পঞ্চায়েত সদস্যকে

### বৈষ্ণবনগর

উদ্দেশ্য করে প্রতিটি উপভোক্তার কাছ থেকে সাত হাজার টাকা করে তোলার নির্দেশ দেন। ভাইরাল ভিডিওয় বলতে শোনা যায়, বিডিও তাঁকে এবং অন্য গ্রাম পঞ্চায়েতের সাত-আটজন সদস্যকে নিজের চেম্বারে ডেকে পাঠিয়েছিলেন। তখনই বিডিও প্রধানদের বলেন, উপভোক্তার কাছ থেকে সাত হাজার টাকা করে তুলতে হবে এবং সেটা ওঁকে দিতে।

যদিও বিডিও সুকান্ত শিকদারের বক্তব্য, বিষয়টি আমি শুনেছি। কেউ কোনও অভিযোগ করেনি। অভিযোগ পেলে পুলিশে জানাব।

# নিজের নাম বাদ দিতে আর্জি পঞ্চায়েত প্রধানের

**সাজাহান আলি**

**কুমারগঞ্জ, ৩ ডিসেম্বর :** এই বেলাগাম দুর্নীতির জমানায় এমনটাও ঘটতে পারে? কাটমানির জমানায় একেবারে অন্য উদাহরণের নজির তৈরি করছেন তিনি। তাঁর নামে বরাদ্দ হলেও বাংলা আবাস যোজনায় ঘর নিতে চান না কুমারগঞ্জ ব্লকের তৃণমূল পরিচালিত সাফানগর গ্রাম পঞ্চায়েতের প্রধান মমতাজ বিবি। ২০১৭ সালে সরকারিভাবে তদন্তের পর বসবাস করার জন্য ঘর পাওয়ার তালিকায় নাম ওঠে। সম্প্রতি দ্বিতীয়বার সমীক্ষার পরে বাংলা আবাস যোজনার তালিকায় চূড়ান্ত জায়গা পান তিনি। তবুও বসবাস করেন মাটির বাড়িতেই।

সরকারের দেওয়া বাংলা আবাস যোজনার ঘর নিতে চান না মানুষটি। তার কথায়, ‘আমার যা বাড়িঘর আছে তা দিয়ে কোনওরকমে চলে যাবে। কিন্তু একজন প্রকৃত গরিব মানুষ এই ঘর পেলে ভীষণ উপকৃত হবেন। তাই আমি ঘর নিতে চাই না।’ স্বেচ্ছায় বাংলা আবাস যোজনার তালিকা থেকে নিজের নাম বাদ দেওয়ার জন্য প্রশাসনের কাছে আবেদন জানিয়েছি। কিছুটা ব্যতিক্রমী মনে হলেও বাস্তবে এমনই ঘটছে কুমারগঞ্জ ব্লকের সাফানগর গ্রাম পঞ্চায়েতে। ওই গ্রাম পঞ্চায়েতের কালাইডাঙ্গা গ্রামের বাসিন্দা মমতাজ বিবি মঙ্গলবার বাংলা আবাস যোজনায় তালিকায় সরকারি ঘর না নেওয়ার ঘোষণা করেছেন। বিষয়টি মৌখিকভাবে তিনি কুমারগঞ্জের বিডিওকেও জানিয়েছেন।

মমতাজ বিবি মঙ্গলবার বলেন, ‘সরকারি নিয়মনীতি ও পারিবারিক অবস্থা অনুযায়ী আমার পরিবার বাংলা আবাস যোজনার ঘর পাওয়ার

### কুমারগঞ্জ

যোগ্য। কিন্তু আমি এই ঘর নিতে চাই না। কারণ, এই এলাকায় আমার থেকে আরও অনেক গরিব মানুষ আছেন, যারা একটি সরকারি ঘর পেলে অত্যন্ত উপকৃত হবেন। তাই নিজের পরিবারের সঙ্গে আলোচনা করে বাংলা আবাস যোজনার তালিকা থেকে আমার নাম কেটে বাদ দেওয়ার জন্য গ্রাম পঞ্চায়েতের ইঞ্জিনিয়ার, কুমারগঞ্জের বিডিও সহ সকলকে অনুরোধ জানিয়েছি।’ তৃণমূল কংগ্রেসের টিকিটে নির্বাচিত প্রধান মমতাজ বিবির এমন সিদ্ধান্তকে অনেকে সাধুবাদ জানিয়েছেন ।

# রাস্তা নির্মাণের কৃতিত্ব নিয়ে বচসায় দুই দল

**আজাদ**

**মানিকচক, ৩ ডিসেম্বর :** ঢালাই রাস্তার কাজের সূচনা নিয়ে বচসায় জড়াল তৃণমূল ও বিজেপি। মঙ্গলবার সকালে মানিকচকের মথুরাপুর ব্যাংক মোড়ের কাছে রাস্তার কাজের সূচনায় উপস্থিত হয় দু’পক্ষ। ঢালাই রাস্তা নির্মাণের দাবিদার কে, এনিয়ে চলে বচসা।

তৃণমূল পরিচালিত মানিকচক পঞ্চায়েত সমিতির অর্থ বরাদ্দে এই ঢালাই রাস্তা। তাই তৃণমূল পক্ষের দাবি, এই রাস্তা নির্মাণের মূল কারিগর তারা। আবার এই এলাকার পঞ্চায়েত সমিতির সদস্য বিজেপির উজ্জ্বল মণ্ডল। তিনি মানিকচক পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতাও। অ্যানুয়াল স্কিম প্ল্যানের মাধ্যমে এই রাস্তার জন্য বারবার দরবার করেন তিনি। তারই ফলস্বরূপ এই ঢালাই রাস্তার কাজ। এতে বিজেপি পক্ষের দাবি, এই রাস্তার কাজের সূচনা হবে বিরোধী দলনেতার হাত ধরে। এনিয়ে দু’পক্ষই বাকবিতণ্ডায় জড়িয়ে পড়ে। সেই বচসা মেটায় উপস্থিত স্থানীয় মানুষজন। অবশেষে দু’পক্ষ পৃথকভাবে কাজের সূচনায় হাত লাগায়।

### কেন বিবাদ

- মঙ্গলবার সকালে মানিকচকের মথুরাপুর ব্যাংক মোড়ের কাছে ৫০০ মিটার রাস্তার কাজের সূচনায় উপস্থিত হয় বিজেপি ও তৃণমূল নেতৃত্ব
- তৃণমূল পক্ষের দাবি, এই রাস্তা নির্মাণের মূল কারিগর তারা
- বিজেপি পক্ষের দাবি, এই রাস্তার কাজের সূচনা হবে বিরোধী দলনেতার হাত ধরে। এনিয়ে দু’পক্ষই বাকবিতণ্ডায় জড়িয়ে পড়ে

মানিকচকের মথুরাপুর পঞ্জাব ন্যাশনাল ব্যাংকের সামনের প্রায় ৫০০ মিটার রাস্তা দীর্ঘদিন ধরেই বেহাল। দাবি মেনে ৫৫ মিটার ঢালাই রাস্তা নির্মাণের জন্য তিন লক্ষ টাকা বরাদ্দ করেছে মানিকচক পঞ্চায়েত সমিতি। গত ২৭ নভেম্বর এই ঢালাই রাস্তার উদ্বোধন করেন স্থানীয় বিধায়ক সাবিত্রী মিত্র, মালদা জেলা পরিষদের কর্মাধ্যক্ষ কবিতা মণ্ডল, মানিকচক পঞ্চায়েত সমিতির সভাপতি পিংকি মণ্ডলরা। মঙ্গলবার শুরু হয় ঢালাইয়ের কাজ। কাজের সূচনালগ্নে উপস্থিত হন মানিকচক পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা উজ্জ্বল মণ্ডল। সঙ্গে বিজেপি নেতৃত্ব। চলে আসেন তৃণমূলের মথুরাপুর অঞ্চল সভাপতি তথা মানিকচক পঞ্চায়েত সমিতির সভাপতির স্বামী অপু মণ্ডল সহ তৃণমূল কর্মীরাও। এরপরেই দু’পক্ষের মধ্যে বচসা শুরু হয়।

উজ্জ্বলবাবুর দাবি, ‘এই রাস্তার কাজের জন্য আমি বারবার ব্লক প্রশাসনের কাছে আবেদন জানিয়েছি। সেই দাবি মেনে পঞ্চায়েত সমিতির তরফে পাঁচ লক্ষ টাকার কাজ ধরা হয়েছিল। কিন্তু বিধায়কের নির্দেশে তিন লক্ষ টাকার কাজ করা হচ্ছে। বাকি দু’লক্ষের কাজ অন্য কোথাও করা হচ্ছে।’

এদিকে অপু মণ্ডল বলেন, ‘বিধায়কের উদ্বোধন করা রাস্তা বিজেপির নেতারা কেন উদ্বোধন করবে?’



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

মেঘেদের দেশে।। তিনচুলেতে ছবিটি তুলেছেন কোচবিহারের দেবশ্রী ভাদুড়ি।

# ডিস্কো চায়ের স্বাদে ভিড়ে টানে সাহাপুর

**রূপেন্দু দাস**

**পুরাতন মালদা, ৩ ডিসেম্বর :** দুই শহরের সংযোগকারী মহানন্দা দ্বিতীয় সেতু পার হয়ে কিছুটা এগোতেই ডিস্কো মোড়। এই এলাকার দুর্নাম-সুনাম দুই রয়েছে। তবে এলাকাটির নাম ছড়িয়ে পড়ে শুধু একটি মাত্র চায়ের দোকানের জন্য। সকাল-সন্ধ্যা ডিস্কো মোড়ের চা পান করতে এক সময় জমত ভিড়। কিন্তু এক ‘উটকো ঝামেলায়’ এলাকা ছাড়তে হয়েছে ওই চা বিক্রেতাকে। তবুও জনপ্রিয়তায় একটুও ভাটা পড়েনি।

মঙ্গলবার দুপুরে চা বিক্রেতা অনুকূল মণ্ডল ফেলে আসা দিনের কথা জানাতে গিয়ে স্মৃতিমেদুর হয়ে পড়েন। বলেন, ‘ডিস্কো মোড়ে দোকান থাকাকালীন ভালো চা বিক্রি হত। কে বা কারা পাশের একটি দোকানে চা পান করে ভাঁড় রেখে দেয়। তা নিয়ে ঝামেলা বাধে। আমার পক্ষে তর্কাতর্কি করা সম্ভব ছিল না। তাই, ঠিক করি দোকান অন্য জায়গায় নিয়ে যাব। রুপালি মোড়ে চলে আসি।’

এই দোকান শুরুর একটা করুণ কথা রয়েছে। বছর ২০-২৫ আগের কথা। তখন অগাধ জমি-জায়গা ছিল। ছিল অর্থের প্রাচুর্য। তাই, এখানে-ওখানে গান গেয়ে সময় কাটাতেন তরুণ অনুকূল মণ্ডল। আস্তে আস্তে টাকাপয়সা নিঃশেষ হয়ে যায়। জায়গা-জমি বিক্রি করে পাওয়া টাকা দিয়ে কিছুদিন চললেও সেটাও কমতে শুরু করে। বাড়িতে দুই ছেলে বুলেট আর রাজদূত। রয়েছে স্ত্রীও। চারজনের ভাতকাপড়ের ব্যবস্থা করতে খোলেন খাবারের দোকান। আর ছিল বিনা পয়সায় চা খাওয়ানো। তখন দোকান ছিল ডিস্কো মোড়ে। আস্তে আস্তে খাবারের থেকে চায়ের জনপ্রিয়তা বাড়তে থাকে। সেই সময় মিঠুন চক্রবর্তীর ডিস্কো ড্যান্সার সিনেমা হটকেক। অতএব ‘ডিস্কো ড্যান্সার’ সিনেমার ‘ডিস্কো’ থেকে চায়ের নাম ডিস্কো চা।

এই দোকানের আরও একটা বৈশিষ্ট্য রয়েছে। দুর্গাপুজোয় সপ্তমী, অষ্টমী এবং নবমীতে দোকান খোলা হয় রাত ৩টায়। অনুকূল মণ্ডলের কথায়, ‘সেই সময় অনেকে পুজো দেখতে দেখতে চায়ের খোঁজ করেন। বিক্রি ভালোই হয়। আর কালীপুজোয় রাতে দোকান খুলি রাত তিনটে। গানবাজনার সময় হয় না। কিছুটা খারাপ লাগে। তবে সংসারের কথা চিন্তা করলে সেই খারাপ লাগা নিমেষে উধাও হয়ে যায়।’

# দুই জেলায় প্রত্নতত্ত্বের খোঁজে এএসআই

**কুশমণ্ডি ও হরিরামপুর, ৩ ডিসেম্বর :** উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলাজুড়ে প্রত্নতত্ত্বের একাধিক নিদর্শন ছড়িয়ে-ছিটিয়ে আছে। সংরক্ষণের কোনও ব্যবস্থাই হয়নি। এবার সেসব প্রত্নতাত্ত্বিক এলাকা পরিদর্শনে নামল আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার রায়গঞ্জ সার্কেল সহ দক্ষিণ দিনাজপুর জেলার ইতিহাস অনুসন্ধান পরিষদ। মঙ্গলবার আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার রায়গঞ্জ সার্কেলের অ্যাসিস্ট্যান্ট সুপার হরিওম শর্মার নেতৃত্বে চার সদস্য এবং ইতিহাস অনুসন্ধান পরিষদের তিন সদস্য যৌথভাবে দক্ষিণ দিনাজপুরের হরিরামপুর, কুশমণ্ডি ব্লক এবং উত্তর দিনাজপুরের ইটাহার ব্লকের প্রত্নতাত্ত্বিক এলাকাগুলি ঘুরে দেখেন।

এদিন শ্রীমতী নদীর দু’পাশে থাকা ইতিহাসে ঠাঁই পাওয়া একাধিক জায়গা পরিদর্শন করে সাত সদস্যের প্রতিনিধিদল। হরিরামপুর ব্লকের জগদলা, সুরহর, মাহাটোর, ভেলাগাছি গ্রাম পরিদর্শন করে ভগ্নস্তূপগুলির প্রত্নতাত্ত্বিক গুরুত্ব খতিয়ে দেখেন তাঁরা। খুশি ইতিহাস অনুসন্ধান পরিষদের সম্পাদক ডঃ নবকুমার দাস, পরিষদের সহ সম্পাদক সুরজ দাসের, বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক হিমাংশুকুমার সরকাররা।

হরিওম শর্মা জানান, অতি দ্রুত তিনি ভারত সরকারের আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্টে লিখিত প্রতিবেদন জমা করবেন। পাশাপাশি তিনি উত্তর ও দক্ষিণ দিনাজপুরের জেলা শাসকদের প্রত্নস্থল সংরক্ষণের বিষয়টি অবগত করবেন।

## পড়তে হবে

২ ডিসেম্বর, তিনের পাতার অ্যাগ্রো ইন্ডিয়া’র সম্মেলন শীর্ষক খবরে সুপার অ্যাগ্রো ইন্ডিয়া’র সম্মেলন পড়তে হবে।





**ছোট তারা ★**

গঙ্গারামপুরের চিত্তরঞ্জনপল্লির প্রথম শ্রেণির ছাত্রী প্রিয়ংশী বসাক। বিভিন্ন সরকারি ও বেসরকারি অনুষ্ঠান মঞ্চে নেচে দর্শকদের মুগ্ধ করেছে। জিতেছে একাধিক পুরস্কার।

## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক

(মঙ্গলবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

■ **মালদা মেডিকেল কলেজ**

| | |
|---|---|
| এ পজিটিভ | - ৭ |
| এ নেগেটিভ | - ০ |
| বি পজিটিভ | - ১৫ |
| বি নেগেটিভ | - ৪ |
| এবি পজিটিভ | - ৯ |
| এবি নেগেটিভ | - ০ |
| ও পজিটিভ | - ২০ |
| ও নেগেটিভ | - ১ |

(এই সংখ্যা লোহিত রক্ত কণিকার)

■ **রায়গঞ্জ মেডিকেল**

| | |
|---|---|
| এ পজিটিভ | - ০ |
| এ নেগেটিভ | - ০ |
| বি পজিটিভ | - ০ |
| বি নেগেটিভ | - ০ |
| এবি পজিটিভ | - ০ |
| এবি নেগেটিভ | - ০ |
| ও পজিটিভ | - ০ |
| ও নেগেটিভ | - ০ |

■ **বালুরঘাট হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | - ০ |
| এ নেগেটিভ | - ০ |
| বি পজিটিভ | - ০ |
| বি নেগেটিভ | - ০ |
| এবি পজিটিভ | - ০ |
| এবি নেগেটিভ | - ১ |
| ও পজিটিভ | - ৪ |
| ও নেগেটিভ | - ১ |

**মালদা, পুরাতন মালদা, রায়গঞ্জ, বালুরঘাট, বুনিয়াদপুর, গঙ্গারামপুর ও কালিয়াগঞ্জ শহরের সাহিত্য, সংস্কৃতি, খেলাধুলো ও সামাজিক কর্মকাণ্ডের আগাম খবর আমাদের জানান ৯৬১৪৭৪২৫৯২ হোয়াটসঅ্যাপ নম্বরে।**

## বেহাল রাস্তা সংস্কার

**বালুরঘাট, ৩ ডিসেম্বর :** অবশেষে বালুরঘাট জেলা হাসপাতালের ভেতরের বেহাল রাস্তা সংস্কার হল। বালুরঘাট জেলা হাসপাতালের পুলিশ মর্গের সামনের রাস্তা দীর্ঘদিন ধরেই বেহাল ছিল। সেই রাস্তাতে আপাতত চলাচলের জন্য ইট সোলিং করা হল। পূর্ত দপ্তরের পক্ষ থেকে প্রায় একশো কুড়ি মিটার এই রাস্তাটির সংস্কারের কাজ সোমবার শেষ হয়েছে। তবে রাস্তা সংস্কার হলেও পুরোপুরি সমস্যার সমাধান হয়নি। কারণ রাস্তাটি খুব সরু করা হয়েছে। যার ফলে বড় কোনও গাড়ি সেই রাস্তা দিয়ে চলাচল করতে গেলে রাস্তা ভেঙে যেতে পারে বলে আশঙ্কা স্থানীয়দের। হাসপাতাল সুপার কৃষ্ণেন্দুবিকাশ বাগ বলেন, 'সংস্কারের কাজ সম্পন্ন হয়েছে আজ। পাশেই সিসিইউ বিল্ডিং হচ্ছে।'

## টোটোয় ধোঁয়া

**বালুরঘাট, ৩ ডিসেম্বর :** চলন্ত টোটো থেকে ধোঁয়া বেরোনোর ঘটনায় চাঞ্চল্য ছড়াল বালুরঘাটে। মঙ্গলবার দুপুরে বালুরঘাট বাসস্ট্যান্ড চত্বরে ঘটনাটি ঘটে। চলন্ত অবস্থায় ঘটনাটি ঘটায় আতঙ্ক ছড়িয়ে পড়ে বাসস্ট্যান্ড চত্বরে। বিষয়টি নজরে আসতেই স্থানীয় পুলিশকর্মীরা ঘটনাস্থলে ছুটে যায়। পরে দেখা যায় টোটোর ব্যাটারি শর্টসার্কিট হয়েছে। সেখান থেকেই ধোঁয়া বেরোচ্ছে। এদিকে টোটোচালক বুদ্ধিমত্তার পরিচয় দেখিয়ে জল দিয়ে সেই ধোঁয়া নিভিয়ে ফেলেন। অল্পের জন্য বড়সড়ো দুর্ঘটনা ঘটেনি।



ঝুঁকির যাত্রা পড়ুয়াদের। মঙ্গলবার রায়গঞ্জে। - দিবাকর সাহা

### কৃত্রিম পা পেয়ে আপ্লুত ষাটোর্ধ্ব সেরাজুদ্দিন

# 'এবার নাতনিকে মাঠে নিয়ে যেতে পারব'

**অরিন্দম বাগ**

**মালদা, ৩ ডিসেম্বর :** পাঁচ বছরের ছোট্ট নাতনিকে আর ফিরিয়ে দিতে হবে না। এবার নাতনিকে মাঠে নিয়ে যেতে পারব। বিশ্ব প্রতিবন্ধী দিবসে কৃত্রিম পা পেয়ে চোখ ছলছল করে উঠল ষাটোর্ধ্ব দাদুর। একইরকমভাবে সহায়কযন্ত্র পেয়ে খুশি বিশেষভাবে সক্ষম খুদেরাও।

মঙ্গলবার মালদা শহরের ২ নম্বর কলোনি এলাকায় উমা রায় জেলা প্রতিবন্ধী পুনর্বাসন কেন্দ্রে বিশ্ব প্রতিবন্ধী দিবস উদযাপন করা হয়। হায়দারপুর শেলটার অফ মালদার তরফে দিনটিকে উদযাপন করতে বিশেষভাবে সক্ষমদের সংবর্ধনা, কৃত্রিম অঙ্গ ও সহায়কযন্ত্র বিতরণ এবং খুদেদের রং ভরো উৎসবের আয়োজন করা হয়। এদিনের অনুষ্ঠান থেকে অতিরিক্ত জেলা শাসক কৃত্রিম অঙ্গ ও সহায়কযন্ত্র বিলি করেন। এদিন কৃত্রিম পা পেয়ে আবেগতাড়িত হয়ে পড়লেন রতুয়া-২ ব্লকের মহারাজনগরের বাসিন্দা সেরাজুদ্দিন। তিনি বলেন, '২০১৫ সালের ২৩ জানুয়ারি এই তারিখটা কখনও ভুলব না। ভুটভুটিতে করে যাচ্ছিলাম। একটি লরি এসে ভুটভুটিতে ধাক্কা মারে। দুর্ঘটনায় পা এতখানি ক্ষতিগ্রস্ত হয়েছিল, চিকিৎসকরা পা কাটতে বাধ্য হয়েছিলেন। বাড়িতে পাঁচ বছরের নাতনি রয়েছে। ও মাঝেমধ্যেই মাঠে নিয়ে যাওয়ার বায়না ধরত। তা না পেরে আমি বিছানায় বসেই ওর মন রাখার চেষ্টা করতাম। এখন আর নাতনি কষ্ট পাবে না। এখন থেকে ওকে নিয়ে মাঠে যেতে পারব।'



বছরখানেক আগে নিজে কৃত্রিম পা কিনে ব্যবহারের চেষ্টা করেছিলাম। কিন্তু তা পায়ে ঠিকমতো বসছিল না। আজ এখান থেকে কৃত্রিম পা দেওয়া হয়েছে। এটা ব্যবহার করে হাঁটতে পারছি।

সেরাজুদ্দিন, মহারাজনগরের বাসিন্দা

এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা শাসক পীযূষ সালুঙ্খে, অনিন্দ্য সরকার, ডিপিও স্মৃতা সুব্বা প্রমুখ। সংস্থার তরফে মন্ময় মুখোপাধ্যায় বলেন, 'আজ আমরা প্রায় ৫০ জনকে কৃত্রিম অঙ্গ সহায়কযন্ত্র বিলি করেছি। অন্যভাবে, বিশেষভাবে সক্ষমদের আমরা সংবর্ধনা দিয়েছি। ২৫ জন বাচ্চাকে নিয়ে আমরা 'রং ভরো' উৎসবেরও আয়োজন করেছি।' (বিশেষভাবে সক্ষমকে কৃত্রিম পা লাগিয়ে দিচ্ছেন ডিপিও।)



ব্রহ্মাপুজো। মঙ্গলবার মালদার নেতাজি কমার্সিয়াল মার্কেট চত্বরে।- স্বরূপ সাহা

## স্কুল দেখতে শিক্ষা সংসদের সভাপতি

**পঙ্কজ মহন্ত**

**বালুরঘাট, ৩ ডিসেম্বর :** চলতি শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পরীক্ষা আয়োজনের খুঁটিনাটি জানাতে বালুরঘাটে এলেন পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি ডঃ চিরঞ্জীব ভট্টাচার্য। মঙ্গলবার বালুরঘাট হাইস্কুলের অডিটোরিয়ামে জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক) নিতাইচন্দ্র দাস, সমগ্র শিক্ষা মিশনের জেলা আধিকারিক বিমলকৃষ্ণ গায়েন সহ একাধিক আধিকারিকদের নিয়ে বৈঠক করেন তিনি।

এদিনের প্রস্তুতি সভায় মূলত ২০২৫ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার প্রস্তুতি নিয়ে দীর্ঘ আলোচনা হয়েছে। প্রোজেক্টরের মাধ্যমে উচ্চমাধ্যমিক পরীক্ষা নেওয়ার ক্ষেত্রে বিভিন্ন নির্দেশিকা জানানো হয়েছে। উপস্থিত ছিলেন বালুরঘাট হাইস্কুলের শিক্ষক বিপুলকান্তি ঘোষ, জেলার একাধিক স্কুলের ভেনু সুপারভাইজার, সেন্টার ইনচার্জ, সেন্টার সেক্রেটারি সহ একাধিক পদাধিকারী। সকলের উদ্দেশ্যে পরীক্ষা চলাকালীন কী কী সমস্যা হতে পারে ও তাঁর সমাধানের উপায় নিয়ে আলোচনা হয়েছে। পাশাপাশি, সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য একাধিক তথ্য তুলে ধরা হয় এদিন।

দক্ষিণ দিনাজপুর জেলার উচ্চমাধ্যমিক পরীক্ষার যুগ্ম আহ্বায়ক ফুলবাড়ি হাইস্কুলের প্রধান শিক্ষক রেজাউল করিম জানান, 'এবছর জেলায় উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য ৪৫ টি ভেনু নির্ধারিত হয়েছে। যেখানে দশটি মূল ভেনু থাকবে। পরীক্ষার আবেদনপত্র পূরণের প্রক্রিয়া এখনও হয়নি। তাই এই মুহূর্তে পরীক্ষার্থীর সংখ্যা জানানো সম্ভব নয়। এদিন উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি সকলের উদ্দেশ্যে তথ্যমূলক বক্তব্য রেখেছেন।'

## কলকাতায় ফান্ড নিয়ে সরব কৃষ্ণেন্দু

**মালদা, ৩ ডিসেম্বর :** বন্ধ হয়ে রয়েছে বিএডিপি ফান্ড। বিভিন্ন কাজের রক্ষণাবেক্ষণের টাকা দেওয়া হচ্ছে না। ড্রেনেজ সিস্টেমের জন্যও বরাদ্দ বন্ধ। এবার ১৬ ফিনান্সের বৈঠকে বরাদ্দ নিয়ে সরব হলেন ইংরেজবাজারের পুর পুরপ্রধান কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী। মঙ্গলবার কলকাতার তাজ বেঙ্গল হোটেলে আর্থিক বরাদ্দ নিয়ে ১৬ ফিনান্সের কর্মকর্তারা বৈঠকে বসেন। শহর ও গ্রামীণ এলাকায় আর্থিক বিন্যাস নিয়ে আলোচনা হয় এদিন।

বৈঠকে কলকাতার মেয়র ফিরহাদ হাকিম, শিলিগুড়ির মেয়র গৌতম দেব ছাড়াও রাজ্যের ৩ পুরসভার চেয়ারম্যান ছিলেন। কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী জানান, 'আজ পুরসভা কী ধরনের আর্থিক সংকটে ধুকছে, তা তুলে ধরেছি। বেশিরভাগ ক্ষেত্রেই পুরসভাগুলি নিজস্ব ফান্ডের উপর চলছে। আগে বর্ডার ডেভেলপমেন্ট ফান্ড থেকেও ইংরেজবাজার পুরসভাকে টাকা দেওয়া হত। এখন যা পুরোপুরি বন্ধ। নিকাশিনালা তৈরির যেমন আর টাকা দেওয়া হয় না, তেমনই রাস্তাঘাট রক্ষণাবেক্ষণের টাকাও মেলে না। এই সমস্ত খাতে আর্থিক বরাদ্দের দাবি জানিয়েছি।'

### নিয়মিত কর দিলেও পরিষেবা থেকে বঞ্চিত

# পুর এলাকায় বালাই নেই পাকা রাস্তা, স্ট্রিট লাইটের

**চন্দ্রনারায়ণ সাহা**

**রায়গঞ্জ, ৩ ডিসেম্বর :** পুর এলাকা। অথচ আজও জোটেনি পাকা রাস্তা। এই ছবি রায়গঞ্জ পুরসভার ১ নম্বর ওয়ার্ডের সেবকপল্লিতে। স্থানীয়রা বলছেন, এব্যাপারে বারবার পুরসভার কোঅর্ডিনেটর, এমনকি খোদ চেয়ারপার্সনকে জানানো হয়েছে। কিন্তু লাভ হয়নি। মাটির রাস্তায় চলতে গিয়ে অন্ধকারে কত পুর নাগরিক যে হোঁচট খেয়েছেন, তার ইয়ত্তা নেই। স্থানীয়দের দাবি, পুরসভা কর নেওয়ার সময় কড়ায় গণ্ডায় বুঝে নেয়। তাহলে তাঁরা রাস্তার মতো জরুরি পরিষেবা পাবেন না কেন?

রায়গঞ্জ শহরের শিলিগুড়ি মোড় সংলগ্ন এলাকায় বছর দশেক আগে জলাভূমি বুজিয়ে গড়ে ওঠে নতুন বসতি। এখানেই রয়েছে সেবকপল্লি। এলাকার বাসিন্দা কালীমোহন পাল বলছেন, 'এক বিব্রতকর পরিস্থিতিতে এখানে বসবাস করছি। পুরসভার বয়স ৭৫ বছর হতে চলল, অথচ আমরা একটা পাকা রাস্তা পাব না? এই রাস্তায় একটু আলোর বন্দোবস্ত দেখতে পাব না? এখানে আমরা তিনটি পরিবার বর্ষাকাল জলবন্দি হয়ে থাকি। মহিলারা ঘরের বাইরে বের হতে পারে না। পুরসভার কোঅর্ডিনেটরের কাছে আবেদন, দয়া করে উপযুক্ত তদন্ত করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নিন।'

স্থানীয় গণেশ পাল, রানা সরকারও একই দাবি করেছেন। পুর কোঅর্ডিনেটর নয়ন দাসের সাফাই, 'জলাভূমি বুজিয়ে ওই এলাকাটি সদ্য গড়ে উঠেছে। সমস্ত কাজ এখনও শেষ হয়নি। বাসিন্দারা নিজেরা মাটি ফেলে রাস্তাটিকে চলাচলের যোগ্য করেছে। পুরসভা রাস্তাটিকে সিমেন্ট ঢালাই করবে। তার প্রস্তাব দেওয়া আছে।'



সেবকপল্লির রাস্তা।

**সমস্যা যেখানে**

- রাত হলে সাপখোপের সঙ্গে বহিরাগতদের আনাগোনা বাড়ে
- অন্ধকারে ক্রমেই নেশার কেন্দ্র হয়ে গিয়েছে এই সেবকপল্লির এই রাস্তা
- নেশাগ্রস্তরা ঘরের অন্দরের ভিডিও করতে গিয়ে ধরা পড়লেও উলটে ওরাই ভয় দেখায়

## হলিস্টিক রিপোর্ট কার্ড নিয়ে আলোচনা

**মালদা, ৩ ডিসেম্বর :** রাজ্য শিক্ষা দপ্তরের নির্দেশে ২০২৫ সাল থেকে হলিস্টিক প্রগেস রিপোর্ট কার্ড চালু করতে চলেছে জেলা শিক্ষা দপ্তর। মঙ্গলবার মালদা জেলা শিক্ষা দপ্তরের তরফে এই বিষয়ে জেলার শিক্ষকদের নিয়ে এক ওরিয়েন্টেশন প্রোগ্রাম হয়ে গেল মালদা কলেজের সানাউল্লাহ মঞ্চে। উপস্থিত ছিলেন গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বিশ্বনাথ দাস, অতিরিক্ত জেলা শাসক (শিক্ষা), অধ্যাপক বিবেকানন্দ মণ্ডল, অধ্যাপক শক্তিপদ পাত্র, জেলা অবর বিদ্যালয় পরিদর্শক বাণীব্রত দাস প্রমুখ।

এবার থেকে অ্যাকাডেমিক রিপোর্ট কার্ড ছাড়াও প্রথম থেকে অষ্টম শ্রেণির পড়ুয়াদের দেওয়া হবে হলিস্টিক প্রগেস রিপোর্ট কার্ড। এই রিপোর্ট কার্ডে পড়ুয়ার মানসিক বিকাশ, দৈহিক বিকাশ সহ একাধিক বিষয়ে মার্কস দেওয়া হবে। প্রতি বছর এই কার্ডের সঙ্গে পরের বছরে পড়ুয়ার কোন কোন বিষয়ে উন্নতি করছে বা পিছিয়ে পড়ছে সেই বিষয়গুলি দেখা হবে।

ডিআই বাণীব্রত দাস জানান, 'স্কুলের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়নে নম্বর দেওয়ার পাশাপাশি একজন পড়ুয়ার বৌদ্ধিক বিকাশ কতটা হচ্ছে, সেটাও যাচাই করতে হবে শিক্ষকদের। সেই মতামত তাঁদের লিখতে হবে হলিস্টিক রিপোর্ট কার্ডে। কোনও পড়ুয়া সহপাঠীর সঙ্গে বন্ধুত্ব স্থাপন করতে পারছে কিনা, সে কতটা মানসিক চাপ নিতে পারে, তার সাংগঠনিক মত প্রকাশ এবং কথোপকথনের দক্ষতা সবই জানা যাবে হলিস্টিক রিপোর্ট কার্ড থেকে।'

## কারিগরি শিক্ষায় আগ্রহ বাড়ানোর উদ্যোগ

**মালদা, ৩ ডিসেম্বর :** স্কুল পড়ুয়াদের কারিগরি শিক্ষায় আগ্রহ বাড়াতে নেওয়া হচ্ছে বিশেষ কর্মসূচি। রাজ্য কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তর এবং রাজ্য শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে নবম থেকে দ্বাদশ শ্রেণির পড়ুয়াদের কারিগরি শিক্ষা সম্পর্কে কৌতূহলী করে তোলা এবং জেলার আইটিআই, পলিটেকনিক স্কুল কলেজগুলিতে কীভাবে ভর্তি হওয়া যায়, সেখানকার শংসাপত্র চাকরি পাওয়ার ক্ষেত্রে কতটা প্রযোজ্য সেবিষয়ে ওয়াকিবহাল করানোর কর্মসূচি নেওয়া হয়েছে। মঙ্গলবার থেকে মালদা জেলায় শুরু হচ্ছে এই কর্মসূচি। চলবে একমাস ধরে। সোমবার রাতে সাংবাদিক বৈঠক করে সরকারি এই নতুন কর্মসূচির কথা জানান মালদা পলিটেকনিকের প্রিন্সিপাল স্নেহাশিস গুহ ও জেলা অবর বিদ্যালয় পরিদর্শক বাণীব্রত দাস।

স্নেহাশিস দাস সংবাদমাধ্যমকে জানান, 'কারিগরি শিক্ষা সম্পর্কে স্কুল অবস্থা থেকেই পড়ুয়াদের ওয়াকিবহাল করানোই সরকারের লক্ষ্য। অনেকেই জানেন না আইটিআই করার জন্য পড়ুয়াদের কী ধরনের যোগ্যতার প্রয়োজন, এধরনের কলেজ বা শিক্ষাপ্রতিষ্ঠান এই জেলায় কোথায় আছে? চাকরিক্ষেত্রে কারিগরি শিক্ষার শংসাপত্র কতটা কাজে আসে। সরকারি নির্দেশে জেলা শিক্ষা দপ্তরের সহযোগিতায় এই জেলার প্রতিটি স্কুলে আমাদের এক প্রতিনিধিদল ভিজিট করবেন। নবম থেকে দ্বাদশ শ্রেণির পড়ুয়াদের কথা বলবেন তাঁরা।'

## তরুণের ঝুলন্ত দেহ

**গঙ্গারামপুর, ৩ ডিসেম্বর :** শোয়ার ঘর থেকে এক তরুণের ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে শহরের কায়স্থপাড়া এলাকায়। মৃতের নাম পার্থ হাজরা (৩৩)।

পরিবারের দাবি, বেশ কিছুদিন ধরে মানসিক অবসাদে ভুগছিল কায়স্থপাড়ার তরুণ পার্থ হাজরা। সোমবার সন্ধ্যায় তার মা বাজার করতে গিয়েছিলেন। সে সময় বাড়িতে একাই ছিল পার্থ। বাড়িতে কেউ না থাকায় নিজের ঘরে গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হওয়ার চেষ্টা করেন। বাজার থেকে ফিরে ছেলের ঝুলন্ত দেহ দেখতে পান মা। মায়ের চিৎকারে আশপাশের লোকজন ছুটে আসেন। তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় গঙ্গারামপুর সুপারস্পেশালিটি হাসপাতালে। সেখানে চিকিৎসকরা তাঁকে মৃত বলে জানিয়ে দেয়। এদিন গঙ্গারামপুর থানার পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বালুরঘাট সদর হাসপাতালে পাঠায়।

## দুর্ঘটনায় আহত ২

**বালুরঘাট, ৩ ডিসেম্বর :** দুই বাইকের মুখোমুখি সংঘর্ষে আহত হলেন দুজন। ক্ষতিগ্রস্ত হয়েছে দুটি বাইক। সোমবার রাতে চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে বালুরঘাট পুলিশ সুপার অফিস সংলগ্ন এলাকায়। পথ দুর্ঘটনার বিষয় নজরে আসতে স্থানীয় সিভিক ভলান্টিয়াররা এগিয়ে আসেন। দুজনকেই উদ্ধার করে প্রাথমিক চিকিৎসার জন্য পাঠানো হয়। কীভাবে পথ দুর্ঘটনাটি ঘটল, তা খতিয়ে দেখছে বালুরঘাট থানার পুলিশ।

## পরীক্ষার হলে

**বালুরঘাট, ৩ ডিসেম্বর :** জেলায় সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় টার্মের মূল পরীক্ষা চলছে। এখনও কোনও স্কুলে অপ্রীতিকর ঘটনার খবর নেই। তবু স্কুলগুলোতে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালিত হচ্ছে কি না, তা খতিয়ে দেখতে উদ্যোগ নিল জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান সন্তোষ হাঁসদা। মঙ্গলবার তিনি বালুরঘাট প্রাথমিক বিদ্যালয়ে পরীক্ষা চলাকালীন পরিদর্শনে যান। পরিদর্শনের পরে সন্তোষ প্রকাশ করেছেন তিনি।

### সকাল দশটা বাজলেই টোটোর দখলে মালদার রাস্তা

## উইমেন্স কলেজ রোডে নজরদারির ব্যবস্থা নেই

**সৌরভ ঘোষ**

**মালদা, ৩ ডিসেম্বর :** ঘড়ির কাঁটায় তখন সকাল দশটা। উইমেন্স কলেজ রোড বরাবর সারি সারি টোটো, মোটরবাইক, সাইকেল। যানবাহনের ভিড়ে দাঁড়িয়ে রয়েছে স্কুল ও কলেজ পড়ুয়ারা। সঙ্গে রয়েছেন অভিভাবকরাও। সাড়ে দশটার পর পরিস্থিতি আরও খারাপ। পাঁচ মিনিটের রাস্তায় তখন হেঁটে যেতে ১৫ মিনিট লেগে যাচ্ছে। যানজটে এই ভোগান্তি শুধু মঙ্গলবার নয়, সারাবছরই মালদা শহরের উইমেন্স কলেজ রোডের পরিস্থিতি এমনই। তবু নেই কোনও সিভিক ভলান্টিয়ার। এনিয়ে ক্ষোভ বাড়ছে পড়ুয়া, অভিভাবক ও নিত্যযাত্রীদেরও।

স্থানীয় ব্যবসায়ী বিভাস সরকার জানালেন, 'এই রাস্তা খুবই ছোট, প্রায়ই যানবাহন আটকে থাকে। স্কুল-কলেজের ভিড় তো থাকে, তার উপর রাস্তা বন্ধ থাকলে সমস্যা বাড়ে।'

সমস্যায় মালদা উইমেন্স কলেজের ছাত্রীরাও। কলেজ ছাত্রী আয়েশা পারভিনের কথায়, 'যানজটের কারণে ক্লাসে পৌঁছাতে দেরি হয়, বিশেষ করে পরীক্ষার দিনগুলোতে আমাদের হেঁটে আসতে হয় কখনও কখনও। আমরা খুবই সমস্যায় পড়েছি।' একই অভিমত অভিভাবক কমল রায়ের। তিনি জানালেন, 'আমার মেয়ে মালদা গার্লস স্কুলে পড়ে। ওই রাস্তায় সকালবেলা যানজট লেগেই থাকে। একেই ছোট রাস্তা, তার মধ্যে ডাবল টোটো চলাচল করায় রাস্তা সংকীর্ণ হয়ে পড়ছে। তাই মেয়েকে স্কুলে পৌঁছাতে অতিরিক্ত সময় হাতে নিয়ে বেরোতে হয়। প্রশাসনের বিষয়টি দেখা উচিত।'

মালদা শহরের উইমেন্স কলেজ রোডে একটি মহিলা কলেজ ও গার্লস হাইস্কুল রয়েছে। সংকীর্ণ রাস্তার উপরই একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান থাকায় সকাল দশটা থেকে ১২টা পর্যন্ত ভিড় বেশি হয়। সংকীর্ণ রাস্তার কারণে দুদিক দিয়ে টোটো, বাইক চলাচল করলে হেঁটে যাতায়াত করা যায় না। রয়েছে কিছু দোকানপাটও। তার সামনে অনেক সময় বাইক ও সাইকেলও রাখা থাকে। ফলে স্কুল, কলেজ ও অফিস টাইমে যানজট ভয়াবহ আকার নেয়। এই ব্যস্ততম রাস্তায় দীর্ঘ যানজটের সমস্যা প্রায় নিত্যদিনের, কিন্তু প্রশাসন উদাসীন। স্থানীয়দের দাবি, যানজট নিয়ন্ত্রণে ট্রাফিক পুলিশ ও সিভিক মোতায়েন প্রয়োজন। পাশাপাশি একটি বিশেষ সময় পর্যন্ত ওই রাস্তা দিয়ে টোটো চলাচলেও নিষেধাজ্ঞা করা জরুরি।



কলেজ রোড অত্যন্ত জনবহুল। মেয়েদের একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে সেখানে। ওখানে যানজট প্রায়ই থাকে, যেহেতু ছোট রাস্তা, তাই যত তাড়াতাড়ি সম্ভব একদিক দিয়ে যান চলাচলের ব্যবস্থা নেওয়ার জন্য চেষ্টা করব। প্রশাসনের তরফে আপাতত দুজন সিভিক ভলান্টিয়ার রাখা হবে।

**সুমলা আগরওয়াল**
ভাইস চেয়ারপার্সন, ইংরেজবাজার পুরসভা

## আজ জোড়া বিক্ষোভ সমাবেশে যানজটের শঙ্কা

**জসিমুদ্দিন আহম্মদ**

**মালদা, ৩ ডিসেম্বর :** এক দিকে মীনাক্ষী মুখোপাধ্যায়,কনীনিকা ঘোষেদের বিক্ষোভ সমাবেশ ও এসপি ঘেরাও কর্মসূচি, অন্যদিকে হিন্দু চেতনা মঞ্চের ডাকে সাধুসন্তদের বিক্ষোভ। জোড়া আন্দোলন কর্মসূচির জেরে মঙ্গলবার অচল হতে পারে মালদা শহর।

কর্মসূচি অনুযায়ী, মীনাক্ষীর সমাবেশ রথবাড়িতে। যা নিয়ে তৎপর সিপিএমের বাম সংগঠন। অন্যদিকে ফোয়ারা মোড়ে হিন্দু সাধুসন্তদের বিক্ষোভ সমাবেশ। দুটি ক্ষেত্রেই যে ভিড় উপচে পড়বে তা আর বলার অপেক্ষা থাকে না। প্রভাব পড়বে শহরের ট্রাফিক ব্যবস্থায়। ট্রাফিক নিয়ন্ত্রণ বড় চ্যালেঞ্জ জেলা ট্রাফিক পুলিশের কাছে। যদিও জোড়া আন্দোলন নিয়ে ইতিমধ্যেই প্রস্তুত পুলিশ। এমনটাই দাবি, ট্রাফিক ওসির।

জেলা বামফ্রন্টের আহ্বায়ক অম্বর মিত্র জানান, আরজি কর সহ জেলা ও রাজ্যজুড়ে ঘটে চলা নারী নির্যাতনের সঠিক বিচার এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি, হাসপাতালে ডাক্তার, নার্স, স্বাস্থ্যকর্মী ও রোগীদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবি তোলা হবে ওই সমাবেশ থেকে।' বাম যুব সংগঠনের নেতাদের দাবি, স্কুল, কলেজে দুর্নীতি বন্ধ এবং অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচন করার দাবিও তোলা হবে। নেশামুক্ত সমাজ গড়ে তোলার দাবি উঠবে সমাবেশ থেকে।

অম্বর মিত্র জানান, 'সকাল ১১টা থেকে জেলার বিভিন্ন প্রান্ত থেকে ছাত্র-যুব ও মহিলা সংগঠনের নেতা-কর্মীরা মালদা শহর ছাড়াও গ্রামগঞ্জ থেকে মালদায় আসতে শুরু করবেন। দুপুর ১টা নাগাদ রথবাড়ি থেকে মিছিল সংঘটিত হয়ে ফোয়ারা মোড়, বিমলদাস মোড়, গৌড় রোড হয়ে এসপি অফিসের দিকে যাবে।

অন্যদিকে জেলা বিজেপি নেতা অম্লান ভাদুড়ি জানান, 'মঙ্গলবার হিন্দু চেতনা মঞ্চের উদ্যোগে সাধুসন্তদের নিয়ে এক বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়েছে। মূলত বাংলাদেশে সংখ্যালঘুদের উপর অত্যাচার এবং ইসকনের সাধু চিন্ময় কৃষ্ণদাসের উপর উৎপীড়নের প্রতিবাদে রাজ্যজুড়েই আন্দোলন করছে হিন্দু চেতনা মঞ্চ। মঙ্গলবার দুপুরে ফোয়ারা মোড়ে এই বিক্ষোভ কর্মসূচি নেওয়া হয়েছে।'

**অ্যাফিডেভিট**

আমার ড্রাইভিং লাইসেন্স রেফারেন্স স্লিপ নং 4579466323 এবং অফিসিয়াল রেকর্ড-এ আমার নাম ও আমার বাবার নাম ভুল থাকায় গত 2/12/2024-এ প্রথম শ্রেণি J.M কোর্ট মালদায় অ্যাফিডেভিট বলে আমার নাম Md Kowsar Ali থেকে Md Kowser Ali এবং বাবার নাম Md Nazrul Ali থেকে Md Nujrul Islam করা হল। যা উভয় যথাক্রমে এক এবং অভিন্ন ব্যক্তি।

(M-112569)

আমি Bablu Mandal আমার মেয়ের জন্ম প্রমাণপত্রে যার Reg No- B/2022/309785 Dt-17/08/2022 আমার মেয়ের নাম ভুল থাকায় গত 02/12/2024 এ E.M কোর্ট মালদায় অ্যাফিডেভিট বলে ভুল সংশোধন করে Bablu Mandal থেকে Adya Mandal করা হল যা উভয় এক এবং অভিন্ন ব্যক্তি।

(M-112571)

# ছাত্রীর মৃত্যুতে প্রশ্নের মুখে কর্তৃপক্ষ

**নওদা, ৩ ডিসেম্বর :** মঙ্গলবার সকালে মুর্শিদাবাদের নওদা থানা এলাকায় একটি বেসরকারি স্কুল থেকে অষ্টম শ্রেণির এক ছাত্রীর দেহ উদ্ধারের ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। মৃত ওই ছাত্রীর নাম সোহানা মণ্ডল (১৪)। তার বাড়ি নওদা থানার বাদশানগর গ্রামে। স্থানীয় আমতলার ভয়েস মিশনারি আবাসিক স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী সোহানা।

মঙ্গলবার সকালে ওই আবাসিক স্কুলের শিক্ষকেরা সোহানাকে গুরুতর অসুস্থ অবস্থায় আমতলা হাসপাতালে নিয়ে যান। সেখানে তার অবস্থার অবনতি হলে চিকিৎসকরা মুর্শিদাবাদ মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করে দেন। পরে সেখানে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় সোহানার। তবে মৃতের পরিবারের অভিযোগ অসুস্থ হওয়া থেকে শুরু করে তাকে হাসপাতালে ভর্তি করা পর্যন্ত গোটা ঘটনা স্কুল কর্তৃপক্ষের তরফে পরিবারকে কিছুই জানানো হয়নি। পরে মুর্শিদাবাদ মেডিকেল কলেজ ও হাসপাতালের মর্গে সোহানার দেহ রয়েছে বলে তাঁরা জানতে পারেন।

মৃতার পরিবারের অভিযোগ, স্কুল কর্তৃপক্ষ নিজেদের গাফিলতি ঢাকতে তড়িঘড়ি দেহটি ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। ময়নাতদন্ত শেষ হলে তাঁরা পুলিশের দ্বারস্থ হবেন বলে জানিয়েছেন সোহানার পরিবারের সদস্যরা।

> **কাঠগড়ায় স্কুল**
>
> **সোমবার রাতে স্কুলের মধ্যেই ‘মৃত্যু’ হয়েছিল তার। কিন্তু নিজেদের গাফিলতি ঢাকতে মঙ্গলবার সকালে স্কুল কর্তৃপক্ষ ওই ছাত্রীকে হাসপাতালে নিয়ে যায়। যদিও ওই আবাসিক স্কুল কর্তৃপক্ষের তরফ থেকে এখনও ঘটনা প্রসঙ্গে কিছু জানানো হয়নি।**
>
> **মৃতার পরিবার**

অন্যদিকে গোটা ঘটনাপ্রসঙ্গে নওদা থানার এক আধিকারিক জানান, একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করে দেহটি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। এই ঘটনায় এখনও কেউ গ্রেপ্তার বা আটক হয়নি।

সোহানার পরিবারের অভিযোগ, সোমবার রাতে স্কুলের মধ্যেই মৃত্যু হয়েছিল তার। কিন্তু নিজেদের গাফিলতি ঢাকতে মঙ্গলবার সকালে স্কুল কর্তৃপক্ষ ওই ছাত্রীকে হাসপাতালে নিয়ে যায়। যদিও ওই আবাসিক স্কুল কর্তৃপক্ষের তরফ থেকে এখনও ঘটনাপ্রসঙ্গে কিছুই জানানো হয়নি।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষকের বক্তব্য, এক সহপাঠীর সঙ্গে বচসা হয় সোহানার। সে আত্মহত্যার চেষ্টা করে বলে জানান তিনি। বলেন, ‘বিষয়টি জানতে পেরেই, তাকে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছিল, কিন্তু তাকে বাঁচানো যায়নি। যদিও স্কুল কর্তৃপক্ষের এই দাবি মানতে রাজি হয়নি মৃতা ছাত্রীর পরিবার।’ মনোজ খান নামে মৃতা ছাত্রীর আত্মীয় জানান, ‘সোমবার রাতেও পরিবারের লোকেদের সঙ্গে স্বাভাবিকভাবেই কথা বলেছিল সোহানা। মঙ্গলবার সকালে আমাদের জানানো হয় সোহানা অসুস্থ হয়ে পড়েছে, তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হচ্ছে। এর কিছুক্ষণের মধ্যে স্কুলের তরফে আমাদেরকে ফের ফোন করে জানানো হয় সোহানার মৃত্যুর খবর। নওদা থেকে আমরা মুর্শিদাবাদ মেডিকেল কলেজে গিয়েও মেয়ের দেহ হাসপাতালে দেখতে পাইনি।’

## রোজনামচায় একটু টক-ঝাল-মিষ্টি...



*স্কুল ফিরতি পথে ফুচকায় কামড়। মঙ্গলবার ইংরেজবাজারের একটি স্কুলের সামনে। - অরিন্দম বাগ*

# পড়াশোনার মান ভালো, লম্বা লাইনে অভিভাবকরা

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ৩ ডিসেম্বর :** ক্লাসরুমের অভাবে ছাত্রছাত্রী ভর্তি নিতে পারছে না সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। এমনই দৃশ্য চোখে পড়ছে রায়গঞ্জ শহরের বীরনগর জিএসএফপি স্কুলে।

শহরের অধিকাংশ প্রাথমিক স্কুল এখন পড়ুয়া সংকটে ভুগছে। শিক্ষক-শিক্ষিকাদের ছাত্রছাত্রী পাওয়ার জন্য বাড়ি বাড়ি দরবার করতে হচ্ছে। কিন্তু বীরনগরের ওই স্কুলটি তৈরি করেছে ব্যতিক্রমী উদাহরণ। যেখানে শ্রেণিকক্ষে জায়গা হবে না বলে অভিভাবকদের ফিরিয়ে দিতে হচ্ছে। অবশ্য ক্লাসরুমের অপ্রতুলতাও একটি সমস্যা।

বীরনগর জিএসএফপি স্কুলে প্রাক প্রাথমিক থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত ৪৫০ জন পড়ুয়া থাকলেও পঠনপাঠনের উপযুক্ত ক্লাসরুম রয়েছে মাত্র ২টি। আর একটি ব্যবহারের অযোগ্য। ফলে প্রতি বছর অনেক ছাত্রছাত্রীকে ভর্তি না নিয়ে ফিরিয়ে দেন শিক্ষক-শিক্ষিকারা। শহরের বীরনগর, কলেজপাড়া, দেবীনগর, উকিলপাড়া সহ একাধিক এলাকার অভিভাবক তাদের ছেলেমেয়েদের এখানে ভর্তি করেন।

শুধু তাই নয়, প্রথমে যেসব অভিভাবক তাদের সন্তানদের বেসরকারি স্কুলে ভর্তি করেছিলেন, পরে সুযোগ হলে তাদের সেখান থেকে নিয়ে এসে এই স্কুলে ভর্তি করছেন। কারণ, বেসরকারি স্কুলগুলির সঙ্গে পাল্লা দিয়ে এই স্কুলে পঠনপাঠন সহ অন্য বিষয়গুলি নজর দেওয়া হয়। কিন্তু পর্যাপ্ত ক্লাসরুম না থাকায় খুব সমস্যা হচ্ছে। এমনটাই দাবি শিক্ষক-শিক্ষিকাদের।

অভিভাবক প্রদীপ মুখোপাধ্যায় জানান, ‘আমার মেয়েকে রায়গঞ্জের একটি বেসরকারি স্কুলে ভর্তি করেছিলাম, কিন্তু এক বছর পর এই স্কুলে নিয়ে চলে আসি। পড়াশোনা যথেষ্ট ভালো হয়। কিন্তু স্কুলে পর্যাপ্ত শ্রেণিকক্ষ না থাকায় ওদের খুব সমস্যা হয়।’ অভিভাবিকা দীপালি দাস জানান, ‘এই স্কুলের পঠনপাঠন যথেষ্ট ভালো, কিন্তু পরিকাঠামো নেই। ফলে পড়াশোনা কিছুটা বিঘ্নিত হয়।’ প্রধান শিক্ষিকা শ্যামশ্রী ঘোষ জানান, ‘আমাদের পড়ুয়া আছে, শিক্ষক-শিক্ষিকা আছে। কিন্তু নেই ঘর। দুটি ক্লাসরুম উপযুক্ত হলেও আরেকটি রুমে আলো, বাতাস ঢোকে না। বৃষ্টি হলে জল ঢুকে যায়। কমপক্ষে আরও দুটি ক্লাসরুমের প্রয়োজন। জানি না কবে সমস্যা মিটবে। তবে নতুন রুম না পেলে ছাত্রছাত্রী নেওয়া যাবে না।’ জেলা বিদ্যালয় পরিদর্শক দুলাল সরকার বলেন, ‘বিদ্যালয়ের শ্রেণিকক্ষের বিষয়টি সমগ্র শিক্ষা অভিযান দেখে। তাই তাদের সঙ্গে আলোচনা করতে হবে।’

# জাল নোট উদ্ধার, ধৃত ২

**কালিয়াচক, ৩ ডিসেম্বর :** ফের জাল নোট উদ্ধারে সাফল্য পেল কালিয়াচক থানার পুলিশ। বিপুল অঙ্কের জাল নোট সহ দুই কারবারিকে গ্রেপ্তার করল পুলিশ। মঙ্গলবার দুপুরে ধৃতদের মালদা জেলা আদালতে পেশ করা হয়।

পুলিশ জানিয়েছে ধৃতদের নাম নুরুদ্দিন ইসলাম (৩৫) ও জেম মিয়াঁ (৩০)। বাড়ি কালিয়াচক থানার চরিঅনন্তপুরের ঘোষটোলা গ্রামে। মঙ্গলবার ভোরে গোপন সূত্রে খবর পেয়ে কালিয়াচক থানার পুলিশ হানা দেয় মোজমপুর সেতুর কাছে। ধৃতদের অন্তর্বাস থেকে উদ্ধার হয় ৪৯৮টি ৫০০ টাকার জাল নোট। মোট টাকার পরিমাণ ২ লক্ষ ৪৯ হাজার। টাকা ছাড়াও আটক করা হয় একটি মোটরবাইক। নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে মঙ্গলবার দুপুরে ধৃতদের আদালতে পেশ করে ১০ দিনের পুলিশে হেপাজতের আবেদন জানানো হয়েছে।

জাল নোটগুলি কোথা থেকে আমদানি হচ্ছে? কোথায় পাচার করা হচ্ছে। এই চক্রের পেছনে আর কত পাচারকারী যুক্ত রয়েছে। সমস্ত দিক দিয়ে দেখছে কালিয়াচক থানার পুলিশ।

কালিয়াচকের এসডিপিও ফয়সাল রাজা বলেন, ‘ধৃতদের জেরা করে আমরা জানতে পেরেছি জাল নোটগুলি বাংলাদেশ থেকে ভারতে আমদানি করা হচ্ছে। তবে এই ৫০০ টাকার জাল নোটগুলি বাংলাদেশে তৈরি করা হচ্ছে নাকি এর পিছনে আরও অন্য দেশ যুক্ত রয়েছে, সমস্ত বিষয় খতিয়ে দেখার জন্য ধৃতদের দশদিনের পুলিশি হেপাজত চেয়ে মালদা জেলা আদালতে পেশ করা হয়েছে।’

## বাংলাদেশে পড়তে গিয়ে চরম অস্বস্তিতে জয়দেব

# ছেলেকে যেতে দিতে চান না পরিবার

**সুবীর মহন্ত**

**বালুরঘাট, ৩ ডিসেম্বর :** পড়াশোনা শেষ করতে ছেলে নাছোড়বান্দা। আর ফেরার প্রস্তুতি নিতেই, পুরো পরিবার বাধা দিতে শুরু করেছে। অজানা আতঙ্ক গ্রাস করেছে পুরো বিশ্বাস পরিবারকে। কেউ নাছোড় জয়দেবকে এখন বাংলাদেশে ফিরতে দিতে চান না। এনিয়ে প্রতিবেশী রাষ্ট্রের পরিস্থিতির মতোই যেন বিশ্বাস পরিবারেও অবিশ্বাসের বাতাবরণ তৈরি হয়েছে।

বাংলাদেশের অশান্ত পরিস্থিতিতে একদিকে যেমন বসবাস করা সে দেশের সংখ্যালঘুরা চরম আতঙ্কিত। একই সঙ্গে ভারতে চিকিৎসা করাতে আসা ওই দেশের সংখ্যালঘু বা সংখ্যাগুরু সব সম্প্রদায়ের মানুষ ইতিমধ্যেই তাঁদের অশান্তির কথা তুলে ধরছেন। আবার এদেশের বাসিন্দা যারা বাংলাদেশে বিভিন্ন কারণে থাকেন তাঁদের পরিবারের লোকজনও চিন্তিত।

তেমনই একটি বালুরঘাটের বিশ্বাস পরিবার। বাংলাদেশের এই পরিস্থিতিতে বাড়ির লোকজনের চোখেমুখে আতঙ্ক। বালুরঘাটের ডাকবাংলাপাড়ার বিশ্বাস পরিবারের ছেলে জয়দেব বিশ্বাস ঢাকাতে এক আন্তর্জাতিক প্রতিষ্ঠান ওয়ার্ল্ড ফোটো জার্নালিস্টের ছাত্র। পড়শি দেশের খারাপ পরিস্থিতি দেখে গত অক্টোবর মাসে ভারতে এসেছিলেন জয়দেব।

> **আমার কাজটা অত্যন্ত চ্যালেঞ্জিং। আমাকে আমার পড়াশোনা শেষ করতে বাংলাদেশে ফিরতেই হবে। আশা করছি আমি ওখানে ফিরতে পারব। চোখের সামনে বাংলাদেশকে বদলে যেতে দেখলাম। বর্তমানে অস্থায়ী সরকার থাকায় একটু ডামাডোল, অশান্তি চলছে। খুব শীঘ্রই বাংলাদেশ ছন্দে ফিরবে বলে আশা করছি।**
>
> **জয়দেব বিশ্বাস, পড়ুয়া**

জরুরি কাজের প্রয়োজনে তাঁকে বাংলাদেশে দ্রুত ফিরতে হবে।

বালুরঘাটের ডাকবাংলাপাড়ার বিশ্বাস পরিবারের যুবক জয়দেব দুবছরের আন্তর্জাতিক ফোটো জার্নালিজম পড়তে ঢাকার সাউথ এশিয়ান মিডিয়া ইনস্টিটিউট নামের একটি প্রতিষ্ঠান থেকে পড়াশোনা করছেন। ওই প্রতিষ্ঠানে জয়দেব ছাড়াও পশ্চিমবাংলার আরও একজন, কেরলের দুজন, কাশ্মীরের দুজন এবং মুম্বই ও দিল্লির একজন করে ছাত্রছাত্রী পড়াশোনা করেন। জয়দেব ঢাকার কলাবাগান এলাকায় বসবাস করেন। ওই এলাকাতেই বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাড়ি।

গণ অভ্যুত্থানের আগে থেকেই সে জায়গা অশান্ত হয়ে পড়েছিল। তাই ৫ জুলাই গণ্ডগোল শুরুর সময়, পরিবারের চাপে বাংলাদেশ ছেড়ে বালুরঘাটে চলে আসতে হয়েছিল জয়দেবকে। এরপর পড়াশোনার জন্য গত অক্টোবর মাসে ফের বাংলাদেশে যায়। তবে পরিবারের চাপে ২০ নভেম্বর তাঁকে এপারে চলে আসতে হয়েছে। আপাতত বাংলাদেশের পরিস্থিতি অশান্ত। কিন্তু, এখন সে বাংলাদেশে ফিরতে চাইলেও তাঁর পরিবার বাধা দিতে শুরু করেছে।

জয়দেব নিজে বলেন, ‘আমার কাজটা অত্যন্ত চ্যালেঞ্জিং। আমাকে আমার পড়াশোনা শেষ করতে বাংলাদেশে ফিরতেই হবে। আশা করছি আমি ওখানে ফিরতে পারব। চোখের সামনে বাংলাদেশকে বদলে যেতে দেখলাম। বর্তমানে অস্থায়ী সরকার থাকায় একটু ডামাডোল, অশান্তি চলছে। খুব শীঘ্রই বাংলাদেশ ছন্দে ফিরবে বলে আশা করছি।’

জয়দেবের পিসি রাখি বিশ্বাস জানান, ‘সংবাদমাধ্যমে বাংলাদেশের যা পরিস্থিতি দেখাচ্ছে, তাতে আমরা চরম আতঙ্কিত। ছেলেটাকে অনেক বোঝাচ্ছি। যাতে ও এখন বাংলাদেশে না যায়।’ বাবা রণেন্দ্রনাথ বিশ্বাসের বক্তব্য, ‘ভারতীয়দের উপরে এখন চরম অবিশ্বাস রয়েছে ওই দেশে। পরিস্থিতি ভালো মনে হচ্ছে না। ও খুব জেদ করছে, কিন্তু ছেলেকে কোনওভাবেই এখন যেতে দেব না।’

# সপ্তাহ শেষে হাওয়া বদলের পূর্বাভাস

**সানি সরকার**

**শিলিগুড়ি, ৩ ডিসেম্বর :** সাতসকালের ঠান্ডা উধাও হতে বেশি সময় লাগছে না। বরং বেলা কিছুটা বাড়তেই উষ্ণতার পরখ। ‘আর কবে জাঁকিয়ে শীত পড়বে’, ডিসেম্বরের শুরুতেও এমন প্রশ্ন ঘুরপাক খাচ্ছে উত্তরবঙ্গের জেলায় জেলায়। হাওয়াবদলের পূর্বাভাস অবশেষে মিলছে। সপ্তাহের শেষে পার্বত্য এলাকায় বৃষ্টির যে সম্ভাবনা তৈরি হয়েছে, তাতে পাহাড় তো বটে, সমতলেও বাড়তে চলেছে শীতের প্রকোপ। এমনকি সিকিমের পাশাপাশি দার্জিলিং পাহাড়ে তুষারপাতের সম্ভাবনা দেখা দিয়েছে। আবহবিদদের দাবি, একটি শক্তিশালী পশ্চিমী ঝঞ্ঝা পরিস্থিতির বদল ঘটাবে। আবহাওয়া দপ্তরের সিকিমের কেন্দ্রীয় অধিকর্তা গোপীনাথ রাহার কথায়, ‘এই অঞ্চলে এসময় মূলত বৃষ্টি আর ঠান্ডার প্রকোপ বাড়ে পশ্চিমী ঝঞ্ঝার কারণে। তবে অনেকদিন ধরে দার্জিলিং সংলগ্ন এলাকায় ঝঞ্ঝা অনুপস্থিত। পাশাপাশি দক্ষিণ বঙ্গোপসাগরে একটি ঘূর্ণাবর্ত তৈরি হওয়ায় মেঘমুক্ত হয়ে পড়েছিল উত্তরের আকাশ।’

বৃষ্টির জলে উত্তরের মাটি ভিজেছিল ৩১ অক্টোবর। তারপর পাহাড়ে এক-দু’পশলা বৃষ্টি হলেও শুষ্ক থেকেছে সমতল। সকাল-রাতে ঠান্ডা অনুভূত হলেও দুপুরের চড়া রোদের সৌজন্যে উধাও হচ্ছে শীতের আমেজ। শুষ্ক আবহাওয়ায় দূষণের মাত্রা বৃদ্ধি পেয়েছে। আকাশের বর্তমান যা মতিগতি, তাতে শুক্রবার থেকে হাওয়াবদলের প্রবল সম্ভাবনা। উত্তরের আকাশে সেদিন থেকে মেঘের আনাগোনা বাড়তে পারে। জলীয় বাষ্পের কারণে শনি এবং রবিবার পার্বত্য এলাকায় হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত হতে পারে পাহাড় সংলগ্ন সমতলের কয়েকটি এলাকায়। দার্জিলিং শহরে তুষারকণা আছড়ে পড়বে কি না, এখনও তা স্পষ্ট নয়। তবে দার্জিলিংয়ের সান্দাকফু, ফালুট সহ বেশ কিছু জায়গায় সেই সম্ভাবনা যথেষ্ট। যা আশা জাগাচ্ছে পর্যটন ব্যবসায়ীদের মনে। তাঁদের বিশ্বাস, তুষারপাত চাক্ষুষ করতে পর্যটকরা ভিড় জমাবেন শৈলরানিতে। ২১ অক্টোবর সান্দাকফুতে মরশুমের প্রথম তুষারপাতের পর থেকে যেমন পাহাড়ে পর্যটকদের আনাগোনা বেড়েছে।

> **মঙ্গলবারের সর্বনিম্ন তাপমাত্রা**
>
> **দার্জিলিং- ৫.৮**
> **কালিম্পং- ৯.৫**
> **শিলিগুড়ি- ১৫.৩**
> **জলপাইগুড়ি-১২.৫**
> **কোচবিহার- ১০.৯**
> **মালদা-১৭.৯**
> **বালুরঘাট- ১৮.৫**
> **রায়গঞ্জ- ১৪.০**
> **(ডিগ্রি সেলসিয়াস)**
>
> **তথ্য : আবহাওয়া দপ্তর)**

আবহাওয়া দপ্তরের তথ্য অনুযায়ী, বর্তমান সময়ে সর্বোচ্চ তাপমাত্রা সাধারণত ২৫ ডিগ্রি সেলসিয়াসের নীচে থাকাটাই স্বাভাবিক। কিন্তু সূর্যের তেজে পারদ কিছুতেই নামছে না। মঙ্গলবার একমাত্র আলিপুরদুয়ারের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস। শিলিগুড়িতে তা ছিল ২৬.৮, মালদায় ২৭.৪, কোচবিহারে ২৮.৮ এবং জলপাইগুড়ির সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৫ ডিগ্রি সেলসিয়াস।

শনিবারের পর থেকে অবশ্য প্রতিটি এলাকার সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের নীচে নেমে যাবে বলে মনে করছেন আবহবিদরা। শুধু তাপমাত্রার পতন নয়, কয়েকটি এলাকা কুয়াশার চাদরে মুড়বে বলেও পূর্বাভাস রয়েছে। বুধবার থেকে আগামী দু’দিন দার্জিলিং এবং উত্তর দিনাজপুর জেলার বেশ কিছু এলাকায় কুয়াশার প্রকোপ বাড়বে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস। বৃহস্পতিবার কুয়াশা থাকবে মালদা এবং দক্ষিণ দিনাজপুরে। আপাতত শীত-বৃষ্টির প্রতীক্ষায় উত্তর।

# বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু চাষির

**চাঁচল, ৩ ডিসেম্বর :** জমিতে কাজে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল এক চাষির। মঙ্গলবার দুপুরে এই ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়াল মালদার চাঁচল থানার মতিহারপুর পঞ্চায়েতের সোনারায় এলাকায়। মৃতের নাম বাসিরউদ্দিন (৫৫)। তাঁর বাড়ি সোনারায় গ্রামে।

মৃতের পরিবারের দাবি, এদিন সকালে বাড়ির পাশে চাষের জমিতে ধান কাটছিলেন বাসিরউদ্দিন। কাজ করাকালীন হঠাৎ ১১ হাজার ভোল্টের তারে স্পৃষ্ট হন তিনি। তড়িঘড়ি আশপাশের কৃষকরা তাঁকে চাঁচল সুপারস্পেশালিটি হাসপাতালে নিয়ে আসেন। হাসপাতালে কর্তব্যরত চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

মৃতের পরিবারের অভিযোগ, এর আগে ওই জায়গায় আরও একজন বিদ্যুৎস্পৃষ্ট হয়েছেন। বহুবার বিদ্যুৎ দপ্তরকে বিষয়টি জানানো হয়েছে। তারপরও কোনও হেলদোল নেই। তাঁরা বিষয়টি নিয়ে পুলিশের দ্বারস্থ হবেন।

মৃতের আত্মীয় মহম্মদ হোসেন বলেন, ‘পোলের সঙ্গে আর্থিং তার রয়েছে। এর আগেও দুর্ঘটনা ঘটেছে। বিদ্যুৎ দপ্তরের এটা গাফিলতি।’ আরেক আত্মীয় মমিন আলির শোক, ‘এইভাবে কাকুর প্রাণ চলে গেল। এটার দায় কে নেবে? বিদ্যুৎ দপ্তরকে আমরা আগেও ঘটনাটা জানিয়েছি।’ বিদ্যুৎ দপ্তরের এক আধিকারিক বলেন, ‘বিষয়টি আমরা খতিয়ে দেখব। এখন বলা যাবে না কীভাবে কী হয়েছে।’ চাঁচল থানার আইসি পূর্ণেন্দু কুণ্ডু জানান, ‘অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট এলে স্পষ্ট বোঝা যাবে।’

# ডেকোরেশনের বরাত নিয়ে থানায় নালিশ

**এম আনওয়ারউল হক**

**বৈষ্ণবনগর, ৩ ডিসেম্বর :** বিয়েবাড়ির ডেকোরেশনের কাজ কে পাবে? এই নিয়ে বচসা। সেখান থেকেই ঝামেলা শুরু। জল গড়াল হাতাহাতিতে। এমনকি হাসপাতালেও। মঙ্গলবার ঘটনাকে কেন্দ্র করে ধুন্ধুমার বৈষ্ণবনগর থানা এলাকার সাহাবানচক পঞ্চায়েতের তেওয়ারিটোলায়।

স্থানীয়রা জানান, কৃষ্ণপুরে একটি ডেকোরেশনের কাজের ঠিকা নিয়েছিলেন তুষাই দাস। তিনি সেই কাজেই যাচ্ছিলেন। অভিযোগ, হঠাৎ সৌমেন দাস নামে অন্য এক ফুলের ডেকোরেটর তুষাইয়ের পথ আটকান। অন্যায়ভাবে গালিগালাজ করেন। তুষাইকে হুমকি দেওয়া হয়, অল্প টাকায় ডেকোরেশনের ভাড়া ধরলে খুব খারাপ হবে। প্রতিবাদ করলে তুষাইকে ব্যাপক মারধর করা হয়। মারধরের কথা জানতে পেরে তুষাইয়ের বাড়ির লোকজন ঘটনাস্থলে আসেন। তাঁদেরও ব্যাপক মারধর করা হয়। তাঁর বয়স্ক দাদু, কাকু এবং কাকিমাকে লাঠি দিয়ে মারধরের পাশাপাশি ধারালো অস্ত্র দিয়ে কোপানো হয়। স্থানীয় লোকজন গুরুতর আহত অবস্থায় তাঁদের উদ্ধার করে বেদরাবাদ গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে।

স্থানীয় দোকানদার রবি ঘোষ বলেন, ‘তুষাইয়ের সঙ্গে ব্যবসা নিয়ে বচসা চলছিল সৌমেনের। সোমবার রাতে তুষাই কাজে যাচ্ছিলেন। তখনই দুজনের মধ্যে মারপিট শুরু হয়। সৌমেন ও তার পরিবারের সদস্যরা তুষাইয়ের পরিবারের অন্য সদস্যদের মারধর করে।’

তুষাইয়ের বক্তব্য, ‘আমি খুব কম দরে ডেকোরেশনের ব্যবসা করি। সেই কারণে আমার প্রচুর গ্রাহক রয়েছে। পরিষেবাও ভালো দিই।’ তাঁর কথায়, ‘সৌমেন সেরকম কাজ পায় না। তাই ও আমাকে হিংসে করে। সব সময় গণ্ডগোল করে। রাতে আমাকে ও আমার পরিবারের সদস্যদেরকে মারধর করেছে। আমরা বিষয়টি লিখিতভাবে থানায় জানিয়েছি।’

যদিও বিষয়টি সম্পূর্ণ অস্বীকার করেছেন সৌমেন। তাঁর দাবি, তুষাই তাঁকে মারধর করেন। সৌমেন জানিয়েছেন, ‘কয়েকদিন আগে গ্রামে একটি বিয়ের কাজের ভাড়া ধরেছিলাম। কিন্তু সেই কাজটিকে তুষাই ধরে নেয়। ওকে আমি বারবার বলেছিলাম, আমার ভাড়াগুলি যাতে না ধরে। ও শোনেনি। গতকাল আমি ওকে দাঁড় করিয়ে অনুরোধ করেছিলাম যাতে অল্প টাকায় ভাড়া না ধরে। সে আমার উপরে চড়াও হয়ে আমাকেই মারধর করে।’ পুলিশ জানিয়েছে, বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

# গৃহবধূর মৃত্যুতে অশান্তির জের

**পুরাতন মালদা, ৩ ডিসেম্বর :** বাবারবাড়ির পাশে একটি আমবাগান থেকে এক গৃহবধূর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়াল পুরাতন মালদার যাত্রাডাঙা পঞ্চায়েতের দেওলি গ্রামে। সোমবার ঘটনাটি ঘটেছে। মৃতের নাম জোহরা খাতুন (৩২)। তাঁর বাবারবাড়ি ওই গ্রামেই। মৃতার কাছ থেকে একটি সুইসাইড নোট উদ্ধার করেছে পুলিশ। ওই নোটটি পরীক্ষা করার জন্য ল্যাবে পাঠানো হবে।

ওই গৃহবধূর আত্মীয় সামিজুদ্দিন শেখ বলেন, ‘বিয়ের পর থেকেই পারিবারিক অশান্তি ছিল। স্বামী ভিনদেশে থাকে। পরিবারে কোনও অর্থ সাহায্য করে না। শ্বশুরবাড়িতেও নির্যাতিত হতে হত ওকে। সেই অভিমানে হয়তো আত্মঘাতী হয়েছে। আমরা বিষয়টি থানায় লিখিতভাবে জানিয়েছি।’ মালদা থানার পুলিশ জানিয়েছে, পুরো ঘটনা খতিয়ে দেখা হচ্ছে। প্রাথমিক অনুমান, মৃত্যুর পিছনে পারিবারিক কলহ আছে।

# রাস্তায় ধান শুকোনো অব্যাহত, পদক্ষেপ দাবি

**পতিরাম, ৩ ডিসেম্বর :** পতিরাম ত্রিমোহিনী সড়কের পাইকপাড়া এলাকায় রাস্তার উপর ধান শুকোনোর চিত্র দেখা গেল। ধান ঝাড়াই-মাড়াইয়ের পর মাঠের অভাবে অনেকেই রাজ্য সড়ক বা গ্রামীণ সড়কের উপর ধান শুকোন। যদিও এই ঘটনা নতুন নয়, এর ফলে দুর্ঘটনার ঝুঁকি বহুগুণ বেড়ে যায়। কয়েক বছর আগে তপন ব্লকের বিডিও এই পরিস্থিতিতে দুর্ঘটনার কবলে পড়ে প্রাণ হারান। অভিযোগ, এরপরও প্রশাসনের তরফে তেমন কোনও কার্যকর পদক্ষেপ করা হয়নি। বিশেষজ্ঞদের দাবি, এই প্রবণতা বন্ধে সাধারণ মানুষের সচেতনতা এবং কঠোর প্রশাসনিক পদক্ষেপ প্রয়োজন।

কৃষকদের দাবি, মাঠের অভাবে তাদের বাধ্য হয়ে রাস্তা ব্যবহার করতে হচ্ছে। যদিও পথচারী ও গাড়িচালকদের বক্তব্য, এটি অত্যন্ত বিপজ্জনক। রাস্তার উপর ধান বা খড় শুকোনোর কারণে সড়কের একাংশ কার্যত বন্ধ হয়ে যায়। এরফলে যান চলাচল বাধাপ্রাপ্ত হয় এবং দুর্ঘটনার আশঙ্কা বাড়ে।

পথচারীদের অভিযোগ, বিশেষ করে সন্ধ্যা ও ভোরের সময় রাস্তার উপর ছড়িয়ে রাখা ধান বা খড় অনেক সময় চোখে পড়ে না। যা দুর্ঘটনার মূল কারণ হয়ে দাঁড়ায়। তাঁদের অভিমত, প্রশাসনের উচিত ধান শুকোনোর জন্য নির্দিষ্ট স্থান নির্ধারণ করা এবং রাস্তা পরিষ্কার রাখতে কঠোর নির্দেশনা জারি করা। এদিকে স্থানীয় প্রশাসনের তরফে জানানো হয়েছে, বিষয়টি নিয়ে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। তবে সমস্যার স্থায়ী সমাধান না হলে এই ধরনের দুর্ঘটনার ঝুঁকি থেকে যাবে। প্রশাসন ও কৃষকদের সমন্বয়ে এখন একটি কার্যকর পরিকল্পনা গ্রহণ করা হয় কি না, তা এখন সময়ের অপেক্ষা।

# ওপারে স্বজন

*প্রথম পাতার পর*

হেমতাবাদ থানার সীমান্তবর্তী নওদা গ্রাম কোঠা গ্রামের বাসিন্দা ফালানো দেবশর্মার অর্ধেক পরিবার পিরগঞ্জে। রয়েছেন বাবা, বড়দা। সবার জন্য মন ছটফট করছে। কথা বলতে গিয়ে চোখ দিয়ে জল গড়িয়ে পড়ল। ফালানো বলেন, ‘আমার বাবা বাংলাদেশে বড় ভাইয়ের কাছে রয়েছেন। ইচ্ছে করছে সব বাধা ভেঙে বাংলাদেশে গিয়ে বাবাকে এই দেশে ফিরিয়ে নিয়ে আসি। কিন্তু আইন বাধা হয়ে দাঁড়িয়েছে। কী করব জানি না। দিন পাঁচেক আগে ইন্টারনেটের মাধ্যমে বাবার সঙ্গে কথা হয়েছে। বাবার যন্ত্রণার কথা শুনে নিজেকে স্থির রাখতে পারছিলাম না। কিন্তু এখন তো ফোনেও যোগাযোগ করতে পারছি না। জানি না শেষপর্যন্ত কী হবে। কবে যে ওই পার শান্ত হবে।’ আপাতত প্রতিবেশী রাষ্ট্রে শান্তির পরিস্থিতি ফেরা আর আইনের শাসনের অপেক্ষায় চরম উদ্বেগে দিন কাটাচ্ছেন স্বজনেরা।

# খুনের চক্রান্ত ইউনূসের : হাসিনা

*প্রথম পাতার পর*

তারেক রহমান (প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়ার পুত্র তথা বিএনপি নেতা) লন্ডন থেকে বলেছেন, যদি মৃত্যু চলতেই থাকে, তা হলে সরকার টিকবে না।’

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন থেকে তৈরি হওয়া গণবিক্ষোভের জেরে গত ৫ অগাস্ট বাংলাদেশের প্রধানমন্ত্রী পদে ইস্তফা দিয়ে দেশত্যাগ করেছিলেন হাসিনা। বর্তমানে তিনি ভারতে রয়েছেন। গত মাসে আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের জয়ের পরেই তাঁকে অভিনন্দন জানিয়েছিলেন মুজিবুর রহমানের কন্যা। মঙ্গলবার কার্যত ট্রাম্পের সুরে সুর মিলিয়েই তিনি প্রশ্ন তোলেন, ‘কেন বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর হামলা চলছে? কেন আক্রান্ত হচ্ছে সংখ্যালঘু সম্প্রদায়ের ধর্মস্থান?’

সেই সঙ্গে প্রধানমন্ত্রী পদে ইস্তফা দিয়ে ঢাকা ছেড়ে দিল্লি যাওয়ার কারণও ব্যাখ্যা করেছেন হাসিনা, তিনি বলেন, ‘আমি গণহত্যা চাইনি। আমি যদি ক্ষমতায় আঁকড়ে থাকতে চাইতাম, তা হলে গণহত্যা হত। যখন নির্বিচারে মানুষের মৃত্যু হচ্ছে, তখন আমি সিদ্ধান্ত নিয়েছিলাম যে আমার চলে যাওয়া উচিত। আমাকে খুনের পরিকল্পনা করা হয়েছিল। আমার নিরাপত্তারক্ষীরা তা ঠেকাতে যদি গুলি চালাতেন তবে গণভবনে বহু মানুষের মৃত্যু হত। আমি তা চাইনি।’

## গ্রামসভায় ক্ষোভ জানালেন বঞ্চিতরা

# আবাসের ছাঁকনিতে আটকে গিয়েছে কাঁচা ঘর

**বরুণকুমার মজুমদার**

**করণদিঘি, ৩ ডিসেম্বর :** আবাসের ছাঁকনিতে আটকে গিয়েছে কাঁচা ঘর, গলে গিয়েছে আস্ত পাকাবাড়ি। এমনি অভিযোগ উঠছে করণদিঘি ব্লকের করণদিঘি ১ ও লাহুতারা ২ পঞ্চায়েতের কবরগাড়ি ও বুধরা গ্রামে। করণদিঘি পঞ্চায়েতের প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘরের তালিকায় দেখা যাচ্ছে পাকাবাড়ির মালিকের নাম।

নাম প্রকাশে অনিচ্ছুক এক ব্যক্তি বলেন, নাম জানালে গ্রামে টিকে থাকা দায়। কবরগাড়ি গ্রামে কান পাতলেই শোনা যাবে তালিকায় থাকা পাকাবাড়ির মালিকদের নাম। এরা প্রভাবশালী হওয়ার সুবাদে কেউ তাঁর বিরুদ্ধে অভিযোগ জানাতে সাহস পাচ্ছে না।

বুধরা গ্রামের বাসিন্দা হরিশ সিনহা বলেন, ‘গোবিন্দ সিংহের টুঙ্গিদিঘিতে দ্বিতল বাড়ি ভাড়ায় খাটছে, তা স্বত্তেও তার নাম বাংলা আবাস যোজনার তালিকায় ঠাঁই পেয়েছে।’ একই অভিযোগ বুধরা সিংহপাড়ার রামকৃষ্ণ সিংয়ের। উভয়েই ভূমিহীন কৃষক। পাকা তালিকায় না থাকায় ক্ষোভ প্রকাশ করেন।

করণদিঘি ১ গ্রাম পঞ্চায়েতের প্রধান ধিমান বর্মন জানান, ‘অনেক সাধারণ মানুষের নাম তালিকা থেকে বাদ পড়েছে। পাশাপাশি অনেক পাকাবাড়ি রয়েছে এমন ব্যক্তির নাম তালিকায় ঠাঁই পেয়েছে। গতকালের গ্রামসভায় তা প্রকাশ্যে এসেছে। এবিষয়ে বিডিওকে জানানো হয়েছে।’

কবরগাড়ির বাসিন্দা মহম্মদ মন্টুর অভিযোগ, ‘কাঁচা বাড়ির নাম তালিকায় বাদ পড়েছে।’

বিজেপি ওবিসি মোর্চার জেলা সভাপতি অমিত শা’হ বলেন, ‘তৃণমূলের ঝান্ডাধারীদের নাম তালিকায় থাকাই স্বাভাবিক। মেহনতি সাধারণ মানুষের কাঁচা বাড়ি থাকা সত্ত্বেও তালিকা থেকে বাদ পড়েছে। এই বৈষম্যের বিরুদ্ধে আগামী ৬ ডিসেম্বর বিডিও অফিসে বিক্ষোভ দেখানো হবে।’

করণদিঘি ব্লক তৃণমূলের সভাপতি শ্যামলাল মাহাতো বিজেপির অভিযোগ মানতে নারাজ। তিনি বলেন, ‘সাধারণ মানুষ যারা যোগ্য, তারাই ঘর পাক। সমীক্ষা সরকারি আধিকারিকরা করেছে। দলের কোনও কর্মী যুক্ত নয়।’

করণদিঘি ব্লকের বিডিও জয়ন্ত দেবব্রত চৌধুরী জানান, ‘অভিযোগ জানানোর জন্য অফিসের সামনে অভিযোগ বাক্স রাখা আছে। অভিযোগ খতিয়ে দেখা হবে।’

# শ্লীলতাহানিতে গ্রেপ্তার

**রায়গঞ্জ, ৩ ডিসেম্বর :** প্রতিবেশীর বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ তুলে রায়গঞ্জ থানার দ্বারস্থ নির্যাতিতা বধূ। শহরের সুভাষগঞ্জ এলাকার বাসিন্দা ওই মহিলা লিখিত অভিযোগ দায়ের করেন। তার ভিত্তিতে স্থানীয় বাসিন্দা সঞ্জয় বর্মনকে গ্রেপ্তার করল পুলিশ। রায়গঞ্জ থানা সূত্রে জানা গিয়েছে ধৃতের নাম সঞ্জয় বর্মন ওরফে চাকদা বর্মন (৩৭)। বাড়ি রায়গঞ্জ থানার সুভাষগঞ্জ সংলগ্ন নারায়ণপুর গ্রামে। ভারতীয় ন্যায় সংহিতা আইনের একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা রুজু করেছে পুলিশ।

ধৃতকে মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। পুলিশসূত্রে জানা গিয়েছে, অভিযুক্ত ব্যক্তি দীর্ঘদিন ধরেই নানাভাবে হেনস্তা করছিল ওই মহিলাকে। মোটা টাকা দাবিও করে। টাকা না দিলে সম্মানহানি করবে বলে হুমকি দেয়। সোমবার বিকেলে ওই বধূকে প্রকাশ্য দিবালোকে শ্লীলতাহানি করলে অবশেষে কোনও দিশা না পেয়ে রায়গঞ্জ থানার দ্বারস্থ হন। সোমবার গভীর রাতে অভিযুক্ত সঞ্জয় বর্মনকে গ্রেপ্তার করে রায়গঞ্জ থানার পুলিশ। যদিও ধৃতের বাড়ির লোকজনের দাবি, দুই পরিবারের সঙ্গে দীর্ঘদিন ধরে বিবাদ চলছিল। সেই কারণে গতকাল বিকেলে বচসা থেকে হাতাহাতি হয়। রায়গঞ্জ থানার আইসি বিশ্বাশ্রয় সরকার বলেন, ‘ওই মহিলার অভিযোগের ভিত্তিতে অভিযুক্ত সঞ্জয় বর্মনকে গ্রেপ্তার করা হয়েছে।’

# হাতেই পঞ্চায়েত

*প্রথম পাতার পর*

নয় কর্মাধ্যক্ষের জন্য একটি ঘর বরাদ্দ হয়েছে। এখন থেকে আমি সপ্তাহে ৫ দিন আসব এবং সাধারণ মানুষের সমস্যা শুনব। কিন্তু চেয়ার ও টেবিল ছাড়া আর কিছুই নেই। জানলাগুলো পানের পিকে ভরা, তাই ওখানে বসতে পারছি না। দুটি চেয়ার ও আলমারি প্রয়োজন।’

পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা বিজেপির মলয় সরকারের অভিযোগ, ‘মহিলা কর্মাধ্যক্ষদের মিটিং ছাড়া অন্য সময়ে দেখা যায় না। তবে ওনাদের স্বামীরা মাঝেমধ্যে বিভিন্ন প্রকল্পের খোঁজখবর নিতে আসেন। সাধারণ মানুষ ঘুরে যান।’

